War

THE demon of war is taking its terrible toll. This Journal is directly concerned with its effect on Education. Schools and colleges have been closed in Germany, Poland, France and Britain. The hectic war preparations in our own country are clear reminders that India too may be called upon to take an active part in the war. We shudder to think what unspeakable horror and distress will visit the teachers and the members of their family if this country becomes a prey to the insatiable hunger of the demon of war.

The price of things is mounting up every day. Paper is becoming a very dear and rare commodity. Its deleterious effect on the publication of books is disastrous to the cause of education. We can only pray to the Almighty with all humility to restore good sense to the hearts of those who are bringing havoc and untold misery on millions of innocent people for the base gratification of their insolent pride and lust for power and domination.

Heaviness of the New Matriculation Syllabus

WE have, again and again, reverted to the subject of the undue heaviness of the New Matriculation Syllabus, its consequent strain on the students, and the difficulty on the part of the teachers to adjust the routine and finish the prescribed course. Babu Umesh Chandra Bhowmic, Headmaster, Bogra Coronation School, a veteran teacher, in an article published in the May—June issue, clearly brought home that the New Syllabus required immediate revision to make it less heavy and burdensome. Mr. Bhowmic rightly pointed out that in 40 minute periods of school routine no satisfactory work could be done, specially because effective teaching could not be more than 30 minutes in such a period. The going out and coming in of teachers, the adjustment of the boys' minds from one subject to another, calling the roll twice a day, hearing complaints always take a part of the time in these routine periods. The University authorities did not take the trouble of consulting some school teachers when the Syllabus was drawn up. The result is disastrous. All hopes of improved education under the New Syllabus will be dashed on the rock of heaviness and strain.

It does not allow the boys any time for independent thinking nor the teachers any opportunity to discuss matters outside the syllabus to widen their outlook. The entire energy is consumed to finish the prescribed course. We once more appeal to the Vice-Chancellor and members of the Syndicate to relieve our youths from bearing this heavy burden. It is crushing their health and taking all joy out of their daily lives. The reform is not only essential from educational point of view but from humanitarian consideration too.

Science as a Compulsory Subject

THE heaviness and strain discussed above will be further accentuated when Science will be made compulsory in class IX from January, 1941. It will prove to be the proverbial straw breaking the camel's back. The idea of imparting Elementary Scientific Knowledge is a laudable one. But it is a colossal mistake to incorporate seven scientfic subjects in one book. The difficulty has been further aggravated by the type of text books that have been approved for the purpose. Most of them are too bulky, full of technicalities and written in a laboured style. They are not at all pleasant or interesting to read. The authors forgot that the object was to impart *elementary* scientific knowledge. The syllabus is too defective. The boys ought to have been supplied with information that will enable them to deal with its every-day applications and which can teach them how human beings may live in a rational and healthy manner. That would make the subject attractive and useful.

In view of the fact that Science being a compulsory subject will make the New Syllabus abnormally heavy, we urge the University authorities to defer the date of such compulsion until the whole Syllabus is thoroughly revised and satisfactorily reformed.

Re-assuring words of Hon. Dr. Syed Mahmud

HON. Dr. Syed Mahmud, Education Minister of Bihar, has earned undying reputation by initiating a successful campaign against illiteracy and for adult education. He has added a bright cap to his feathers by the clear assurance he gave to the Bengali community in Bihar while opening a High English School at Jhalda on the 3rd September last.

He paid glowing compliments to the richness of the Bengali language and literature too. Said Dr. Syed Mahmud :

"He wished he had the time to learn rich Bengali language and enjoy the sweetness, melody and high philosophy of its poetry. He assured the Bengalis that so long as he was in charge of the education portfolio in Behar, nobody would be able to injure the Bengali language, and if there be any fool who harboured such ideas he would be disappointed. He deprecated narrow provincialism which was the outcome of Provincial autonomy and he appealed to all to guard against this evil, lest our country met the fate of China. He asserted that any qualified Indian was entitled to be employed in any part of India. He assured the Bengalis in Behar that their interests would not suffer in any way, and *if any attempt was made by the Government to injure them, he would forthwith resign from the Cabinet and make impossible for them to continue.*"

These are noble words indeed !

Provincial Text Book Committee

THE Govèrnment of Bengal follows a strange hush hush policy about the constitution of the Text Book Committee. The public are not aware on what principle the members are appointed. In these days of democracy and popular control, the Committee is a purely nominated body. We have no idea about the complete list of members. But we know there are some members whose competency to sit on the Committee may be easily challenged. Communal considerations weigh with the authorities more than efficiency or learning. There are some gentlemen who are themselves authors of a number of school text books submitted for approval. It is against elementary canon of justice and equity that interested persons should be judges. It is true that they do not examine their own books. But that is a poor plea for the procedure followed. They have ample opportunities of influencing their colleagues on the Committee.

It is high time that the Text Book Committee should be overhauled and constituted on a more representative basis. It should not be left to the pleasure of a particular official to appoint members at his sweet will. There are well-known teachers and educationists, ornaments of the profession, who should be invited to serve on the committee. Above all efficiency and qualification should be the guiding factors in the formation of the Text Book Committee.

---

optional retirement at 60 and compulsory retirement at 65. The rule is, of course, subject to the condition of the teacher being physically fit in doing his duties. We are surprised to learn that some inspecting officers are over-zealous in compelling teachers to retire on the ground of attaining the age of sixty. The matter should be entirely left to the Headmaster and the Committee of Management concerned. If the teacher can satisfy his immediate superiors that he is fit to discharge his duties it is unjustifiable interference on the part of the inspecting officers to ask the managing committee to compel such teachers to resign.

There are two recent cases of such compulsory retirement at 60 before us. One is that of Babu Jogendra Nath Bhattacharjee of Rajbari school, and the other is that of Babu Kiran Chandra Ghosh of Narail Sub-divisional School. In both cases the Inspectors have insisted on their retirement on the ground of reaching the age of sixty. We know both the teachers personally and can vouch for their excellent health and physical fitness. There has been no complaint either from the students or the guardians about any deterioration of their quality of work. Nor have the headmasters or the Committees of Management of either school on their own initiative found fault with the work of either teacher. Why should then be this unreasonable and un-warranted demand by the Inspecting officer? Had there been the system of pension or payment of retiring gratuity we would have welcomed the suggestion. But it is cruel to ask a fit man to retire without making provision for his old age.

We draw the immediate attention of the Director of Public Instruction to these two cases for his intervention to mete out justice to two very competent and honest workers.

Publication of Scholarship list

IT is the second week of September, but the Government has not yet published the names of recipients of scholarship on the result of the last Matriculation Examination. The Government of Assam brought out the list about a month ago. In the past the Government of Bengal too published the list before the middle of August. But, for reasons we cannot surmise, there is unusual delay in its publication this year. It is causing great inconvenience to the students who are expecting to get the scholarship. Some months back

Government issued a communique that important changes would be effected in the method of granting scholarship. But so much time should not have been taken by them in making up their minds on the subject.

We draw the immediate attention of the Director of Public Instruction to this matter and hope that he will make early arrangement for the publication of the scholarship list.

Bearing Charge

CORRESPONDETS to the A. B. T. A. office are respectfully requested to weigh their letters and packets before affixing postage stamps on the same. Of late there have been good many cases of shortage of postage paid at the office of despatch and A. B. T. A. office has consequently been made to pay additional bearing charges. As cases of deficient postage are increasing day by day, it has been found necessary to draw the special attention of correspondents to the subject.

The Best English Series

BY

Buddhadeva Bose, M. A.

Professor in English, Ripon College, Calcutta.

(Approved by the D.P.I. of Bengal. Vide Cal. Gaz., 22. 6. 39.)

English for Boys and Girls.

PRIMER—for class III.	7as.
READER ONE—for class IV.	7as.
READER TWO—for class V.	8as.
READER THREE—for class VI.	10as.
READER FOUR—for class VII.	12as.
READER FIVE—for class VIII.	14as.

SANTOSH LIBRARY

64, College Street, Calcutta.

Banglabazar, Dacca.

Line Road, Barisal.

১৮শ বর্ষ ৮ম সংখ্যা

শিক্ষা ও সাহিত্য

ভাদ্র, ১৩৪৬

সম্পাদক—শ্রীবীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী, এম্-এ, বি-এল্

নিখিল-বঙ্গীয়-শিক্ষক-সমিতি
২০৯, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা

মহামান্য ডিরেক্টর বাহাদুর কর্ত্তৃক ১৯৪০ হইতে চারি বৎসরের জন্য
অনুমোদিত কয়েকখানা বই।
(কলিকাতা গেজেট, ২২শে জুন ১৯৩৯ দ্রষ্টব্য)

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও পরীক্ষক 'কাব্যে রবীন্দ্রনাথ'
'ঘরের ডাক' 'বৃন্তচ্যুত' প্রভৃতি গ্রন্থ-প্রণেতা ও লব্ধপ্রতিষ্ঠ
প্রবীন সাহিত্যিক

শ্রীবিশ্বপতি চৌধুরী এম-এ

প্রণীত

১। আহরণী ... প্রথম ভাগ (তৃতীয় শ্রেণীর জন্য)
২। আহরণী ... দ্বিতীয় ভাগ (চতুর্থ শ্রেণীর জন্য)
৩। আহরণী ... তৃতীয় ভাগ (পঞ্চম শ্রেণীর জন্য)
৪। আহরণী ... চতুর্থ ভাগ (ষষ্ঠ শ্রেণীর জন্য)
৫। আদর্শ রচনা-সোপান (পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর জন্য)

বৈশিষ্ট্য—প্রচলিত একঘেয়ে প্রবন্ধ যথাসম্ভব বাদ দিয়া সম্পূর্ণ নূতন ধরণের আধুনিক প্রবন্ধ চয়ন করা হইয়াছে। বিষয়বস্তুগুলি যাহাতে চিত্তাকর্ষক, শিক্ষাপ্রদ, সরস ও সুখপাঠ্য হয়, তাহার জন্য চেষ্টার ত্রুটী হয় নাই। যাহাতে সুকুমারমতি বালক-বালিকাদের সত্যকার জ্ঞান-পিপাসা বর্দ্ধিত হয় এবং চরিত্র-গঠনে সাহায্য করে সেই দিকে দৃষ্টি রাখিয়া গল্প ও প্রবন্ধগুলি রচিত হইয়াছে।

ছাত্রদের পঠনক্রিয়া যাহাতে অনায়াসসাধ্য হয় এবং সেই সঙ্গে তাহাদের কৌতূহল উত্তরোত্তর বাড়িতে থাকে, সেই দিকে নজর রাখিয়া পাঠের নিম্নে সুনিপুণ ভাবে প্রশ্নাবলী সন্নিবেশিত হইয়াছে।

বই ক'খানির—কাগজ, ছাপা, মুদ্রণ যাহাতে সর্ব্বাঙ্গসুন্দর হয় তাহার প্রতি যথাসাধ্য লক্ষ্য রাখা হইয়াছে। প্রত্যেক গদ্য ও পদ্য রচনাকে সুদৃশ্য চিত্রাবলীর সাহায্যে সহজবোধ্য ও চিত্তাকর্ষক করিয়া তোলা হইয়াছে।

দ্রষ্টব্য—পাঠ্য-পুস্তক নির্ব্বাচনের পূর্ব্বে আমাদের বইগুলির গুণাগুণ বিচার করিয়া দেখিতে আপনাকে অনুরোধ করি।

দি গ্লোব লাইব্রেরী

২, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা।

১৮শ বর্ষ } ভাদ্র, ১৩৪৬ ৮ম সংখ্যা

পাঠ্যপুস্তকের আয়ু

জনৈক শিক্ষক

টেকস্‌ট বুক কমিটির নূতন নিয়ম প্রবর্ত্তিত হওয়ার পর ৮।৯ বৎসর অতীত হইয়া গেল। নূতন নিয়মে কি সুফল কি কুফল হইল চিন্তা করিয়া দেখিবার সময় আসিয়াছে।

নূতন নিয়মে কোন পুস্তকের স্থায়ী মূল্য আর নাই। প্রত্যেক পুস্তকের ইহাতে আয়ু নির্দ্দেশ করিয়া দেওয়া হইয়াছে—চারি বৎসর অন্তর প্রত্যেক পুস্তককে পুনর্জীবন লাভ করিতে হইবে—হিন্দুবৌদ্ধের ভাষায় পুনর্জন্ম লাভ করিতে হইবে। কপাটি-খেলায় যেমন খেলু জীবিত থাকিয়াও 'মরিয়া যায়'—আমাদের পাঠ্যপুস্তকগুলিরও সেই দশা হয়। এই পুনর্জীবনলাভ সহজ ও স্বচ্ছন্দ হইলে কোন কথাই ছিল না, কিন্তু আদৌ তাহা নয়—রীতিমত গর্ভযন্ত্রণা ভোগ করিতে হয় এবং অনেক পুস্তককে আবার শিশু হইয়া ক্রমপরিণতি লাভ করিতে হয়। ঠিক যখন সে পূর্ণ যৌবন প্রাপ্ত হয়, অমনি তাহার জীবনলীলার অবসান হয়। ইহা যেন রঘুবংশের অগ্নিবর্ণ-কুলের মত। রাজা অগ্নিবর্ণ যৌবন প্রাপ্ত হইলে রাজযক্ষ্মা-রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হইলেন। তাঁহার অন্তঃপুরে বহু রাণী ছিল—কিন্তু কাহারও গর্ভে সন্তান হয় নাই। অগ্নিবর্ণের মৃত্যুর পর মন্ত্রিগণ বিপদে পড়িলেন। রাজা হয় কে? তখন অনুসন্ধানে জানা গেল—একজন রাণী সন্তা আছেন। তখন মন্ত্রিগণ সন্তা রাণীকে সিংহাসনে বসাইয়া তাঁহার গর্ভাভিষেক করাইলেন। গর্ভস্থ সন্তান গর্ভমুক্ত হইয়া রাজা

হইলেন—তারপর যৌবনপ্রাপ্ত হইয়া পিতার মত রাজযক্ষ্মায় আক্রান্ত হইয়া কালকবলিত হইলেন। তারপর আবার গর্ভাভিষেক—আবার অগ্নিবর্ণেরই পুনরভিনয়। এইভাবে বহু পুরুষ চলিতে লাগিল। যৌবনেই সকলেরই মৃত্যু।

তাই বলিতেছিলাম—আমাদের টেক্‌সট বুকগুলির দশা হইয়াছে অগ্নিবর্ণকুলের মত। মনে করুন একখানি টেকস্‌ট বুক রচিত হইল ১৯৪০ সালের জানুয়ারী মাসে—তাহার জন্য অনেকগুলি ব্লক তৈয়ারি হইল—৩।৪ শত টাকা ব্যয়ে তাহা মুদ্রিত হইল। জুন মাসে তাহা টি, বি, কমিটিতে ভাগ্য-পরীক্ষার্থ প্রেরিত হইল। আর এক জুন ঘুরিয়া গেল- তারপর ১৯৪১ সালের আগষ্ট মাসে পরীক্ষার ফল বাহির হইল। প্রকাশকগণ আশাভরে ৫।৭ হাজার বই ছাপিয়া ফেলিলেন, ২।৩ হাজার ছাপিলে প্রত্যেক বৎসরই এডিসন করিতে হয়, কিছুই লাভ থাকে না। এই বইএর ১৯৪২ সালের জানুয়ারীতে বিক্রয় আরম্ভ হয়। ১৯৪২।১৯৪৩ সাল দুই বৎসর গেল খরচ উঠিতে। ১৯৪৪ সালে একটা এডিসন দিতে হইল। আগেকার এডিসনের যে বইগুলি বাকি থাকিল তাহাতেই হয়ত কিছু লাভ হইল ১৯৪৪ সালে। নূতন এডিসনের খরচ উঠিয়া চতুর্থ বৎসরে প্রকৃত লাভ হইল। বইখানি তিন বৎসরের চেষ্টায় অনেকগুলি স্কুলে ধরিয়া গেল—এই বার প্রতিবৎসর একটা স্থায়ী লাভ দাঁড়াইবার কথা। বইখানিকে প্রতিষ্ঠিত করিতে, তাহার হালচাল বুঝিতে, তাহার শক্তিসামর্থ্য আশা আশঙ্কা উপলব্ধি করিতে ৩।৪ বৎসর লাগিবার কথা। কিন্তু এই চারি বৎসরের শেষে তাহার আয়ু ফুরাইল। তাহার আবার গর্ভযন্ত্রণার সূত্রপাত হইল। পুনরায় টি, বি, কমিটিতে পরীক্ষার্থ দিতে হইলে পুস্তকের পরিবর্ত্তন সাধন করিতে হয়—তাহার আকার-প্রকার বদলাইতে হয় নতুবা উহার কোন সার্থকতা থাকে না। যদি অনুমোদিত হয়—তাহা হইলে নূতন বইএর মত ইহাকে শিক্ষাক্ষেত্রে নূতন করিয়া প্রতিষ্ঠিত হইতে হয়। আর যদি অনুমোদিত না হয় তাহা হইলে প্রথমবার শেষ বৎসর যাহা লাভ হইয়াছিল—তাহা পুস্তকের নব কলেবর দান করিতেই নিঃশেষ হইয়া যায়।

অনুমোদিত পুস্তক যেমনটি আছে তেমনি Submit করিলে লোকসান হয় না। কিন্তু একবার অনুমোদিত হইয়াছে বলিয়াই তাহা পরবারেও অনুমোদিত হইবে এমন কোন নৈশ্চিত্য নাই। প্রথমবার যে তিনজন বই দেখিয়াছিলেন—দ্বিতীয়বার তাঁহারাই দেখেন না। পূর্ব্ববর্ত্তিগণের মতে যে বই সর্ব্বোৎকৃষ্ট মনে হইয়াছিল, পরবর্ত্তিগণের মতে তাহাই অপকৃষ্ট মনে হইতে পারে।

একখানি বই যদি পুনরনুমোদিত হয়, তাহা হইলে Block ইত্যাদির জন্য যে ব্যয় হয় তাহা নিষ্ফল হয় না—কিন্তু পুনরনুমোদিত না হইলে সমস্তই লোকসান।

পুনরনুমোদিত না হইলে যে বইগুলি প্রকাশকের ঘরে থাকিয়া যায়—সে গুলিতে অগ্নিসংযোগ করা ছাড়া অন্য উপায় থাকে না। কেহই কাঁটায় কাঁটায় হিসাব করিয়া শেষ এডিসনে মুদ্রিত পুস্তকের সংখ্যা নির্ণয় করিতে পারে না। সকলেই দেখে,—কম না পড়ে।

দুই শ্রেণীর উপযুক্ত যে বইগুলি তৃতীয়, পঞ্চম ও সপ্তম শ্রেণীতে ধরানো হয় সেগুলি দুই বৎসর চলিবে—টি, বি, কমিটির ইহাই নির্দ্দেশ। কিন্তু ইহাতে একটা গোলযোগ ঘটিতেছে। পঞ্চম শ্রেণীতে এক Termএর শেষ বৎসরে যে বই ছিল—স্বতই ছাত্রগণ ষষ্ঠ শ্রেণীতে সেই বই পড়িবে। ইতিমধ্যে Term বদলাইয়া গেল—সেই সঙ্গে সে বইখানি হয়ত অননুমোদিত হইল—অথবা নবকলেবর ধারণ করিল। অননুমোদিত হইলে সেই বই উঠাইয়া দিবার কথা কারণ, অননুমোদিত পুস্তক পড়ানো চলে না। এক্ষেত্রে ছাত্রগণের দুই বৎসরের পঠনোপযোগী পুস্তক চড়া দামে কেনার সার্থকতা থাকে না—বইগুলি বাতিল হইলে অভিভাবকগণের ক্ষতি।

যদি বইখানি নবরূপ ধারণ করিয়া অনুমোদিত হইয়া থাকে তাহা হইলেও পুরাতন বইগুলিকে বিদায় করিতে হয়। জোর করিয়া যদি পুরাতন বই রাখা যায়—তাহা হইলেও গোল বাধে—যাহারা নূতন ভর্ত্তি হয়, অন্য স্কুল হইতে আসে—তাহারা যে বই কিনিবে সে বইএর সঙ্গে পুরাতন বই মিলিবে না।

যাহারা অননুমোদিত হইলেও পঞ্চম শ্রেণীর বইখানি অভিভাবকগণের মুখ চাহিয়া ষষ্ঠ শ্রেণীতে রাখিতেছে—তাহারাও অসুবিধা ভোগ করিতেছে—অনুত্তীর্ণ ছাত্রগণ ও নূতন প্রবেশিত ছাত্রগর্ণকে পুরাতন বই যোগাইয়া দিতে পারিতেছে না। ফলে অনেক স্কুলে পঞ্চম ও ষষ্ঠ দুই শ্রেণীর পুস্তকই বদলাইতে বাধ্য হইতেছে। পল্লীগ্রামের লোকদের বিশেষ করিয়া ইহাতে অসুবিধা ঘটিতেছে।

প্রত্যেক শ্রেণীর জন্য স্বতন্ত্র পুস্তকের ব্যবস্থা করিলে—সেই সঙ্গে পৃষ্ঠা সংখ্যা ও মূল্য নির্দ্দেশ করিয়া দিলে এই গোল হয় না।

বছর বছরই স্কুলে পুস্তক বদল হইলে অভিভাবকগণের বড়ই অসুবিধা হয়। পল্লীগ্রামের লোকের অবস্থা অত্যন্ত শোচনীয়। গ্রামে যতগুলি পুস্তক ক্রীত হয়—তাহাদের প্রত্যেকখানি যতদিন ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া না যায়—ততদিন কাহারও-না-কাহারও দ্বারা ব্যবহৃত হয়। কোন বই সহসা অননুমোদিত হইলে তাহাদের বড়ই অসুবিধা হয়।

চারি বৎসর মাত্র পুস্তকের আয়ু নির্দ্দিষ্ট হওয়ায় প্রত্যেক পুস্তকের মূল্যমর্য্যাদা ঢের কমিয়া গিয়াছে। ইহাতে গ্রন্থকার ও প্রকাশক উভয়েরই বিশেষ ক্ষতি হইতেছে। পুস্তকের Copyrightএর কোন দামই আর নাই।

প্রকৃতপক্ষে কোন পুস্তকের আয়ু কমিটিবিশেষ বা ব্যক্তিবিশেষের দ্বারা নির্দ্ধারিত হইবার কথা নয়। তাহারা তাহাকে বধ করিতে পারে—আয়ু দান করিতে পারে না। প্রত্যেক পুস্তক তাহার নিজস্ব আয়ু তাহার অন্তর্নিহিত শক্তির মধ্যে লইয়াই জন্মগ্রহণ করে। তৈল শেষ হইলেই যেমন প্রদীপ নিবিয়া যায় তাহার সেই অন্তর্নিহিত শক্তির অবসানেই তাহার আয়ু শেষ হইবার কথা। যাহারা সেই পুস্তকের পঠন পাঠন করিবে তাহাদের মতিগতি প্রকৃতি ও আদর্শের পরিবর্ত্তন হইলেই পুস্তকের আয়ু আপনিই শেষ হইবে—তাহার

স্বাভাবিক মৃত্যু ঘটিবে, তখন তাহা সম্রাটের পাঞ্জা লাভ করিলেও চলিবে না। যদি শিক্ষা-পদ্ধতির পরিবর্ত্তন হয়, যদি যুগধর্ম্মের সহসা পরিবর্ত্তন ঘটে, যদি জাতীয় আদর্শের আমূল রূপান্তর ঘটিয়া যায়—তবে পাঠ্যপুস্তকের আয়ুর অবসান হইবার কথা। গত দশ বৎসরের মধ্যে সেরূপ কোন পরিবর্ত্তন ঘটে নাই।

বলা বাহুল্য Syllabus বা পাঠ্যসূচির পরিবর্ত্তন যদি অনিবার্য্য হইয়া পড়ে—তাহা হইলে পূর্ব্বের পুস্তকগুলি বাতিল করার প্রয়োজন আছে তাহা স্বীকার করি।

নতুবা আমরা পূর্ব্ব-প্রচলিত নিয়মকেই উৎকৃষ্টতর মনে করি। একবার টি, বি, কমিটি যাহাকে অনুমোদনের মুদ্রাঙ্ক দিয়াছে—বিশেষ কারণ না ঘটিলে সে মুদ্রাঙ্ক তাহার মুছিয়া ফেলা সঙ্গত মনে করি না। পুস্তকখানিতে কোন অবান্তর জিনিষ প্রবেশ করিয়াছে কিনা, পুস্তকখানির বহিরঙ্গ হতশ্রী হইয়া পড়িয়াছে কিনা, মূল্য বাড়াইয়া দেওয়া হইয়াছে কিনা ইত্যাদি দেখিবার জন্য চারি বৎসর অন্তর বইখানিকে Re-submit করিতে বলা যাইতে পারে এবং তাহা টি, বি, কমিটির আফিসের দ্বারাই পরীক্ষিত হইতে পারে। আর যদি উৎকর্ষ সাধনের কোন অঙ্গ টি, বি, কমিটির মনে প্রবুদ্ধ হইয়া থাকে—তবে তাহা গ্রন্থকার ও প্রকাশককে জানাইলেই চলিতে পারে।

ইহার জন্য কোন পুস্তককে অযথা গর্ভযন্ত্রণা ভোগ করিতে অথবা রহস্যের অতলে চারি বৎসর অন্তর ঝাঁপ দিতে হইবে কেন?

এখানে কথা হইতে পারে যে নূতন নূতন পুস্তক যাহা রচিত হইবে—তাহাদের সম্বন্ধে কি হইবে? এসম্বন্ধেও পূর্ব্বের নিয়মই সঙ্গততর। প্রত্যেক বৎসরেই নূতন নূতন পুস্তক গৃহীত হইতে পারে এবং অনুমোদিত পুস্তকের তালিকা দীর্ঘতর হইতে পারে।

ইহাতে একটা কথা উঠিতে পারে—অনুমোদিত পুস্তকের সংখ্যা বাড়িলে গ্রন্থকার বা প্রকাশকগণ কেহই কিছু পাইবে না। বলা বাহুল্য, শিক্ষাসংসদের ইহা দেখিবার কথা নয়। অনুপযোগী না হইলেই যে কোন পুস্তককে পথ ছাড়িয়া দিতে হইবে। বিরাটতর সাহিত্যজগতে এ প্রশ্নের কে সমাধান করিতেছে?

এখন যে ৪০।৫০ খানি করিয়া পুস্তক অনুমোদিত হইতেছে—তাহাতেই বা কে—কি পাইতেছে? যাহারা পাইবে—তাহারা ৪০।৫০ খানা থাকিলেও পাইবে—২০০।২৫০ খানা থাকিলেও পাইবে। দুই ক্ষেত্রেই Survival of the fittest, অবশ্য এ fittestএর অর্থ দুই ভাবে ধরা যাইতে পারে। একভাবে, যেগুলি সত্যই অত্যুৎকৃষ্ট সেইগুলি fittest, আর এক ভাবে, যে পুস্তকের অধিকারীর চালাইবার ক্ষমতা খুববেশী—সেই পুস্তকই fittest. কোনটা সর্ব্বোৎকৃষ্ট—টি, বি, কমিটি তাহা বলিয়া দেন না—৪০ খানি বইকেই তাঁহারা উৎকৃষ্ট বলিয়া ঘোষণা করেন। বলা বাহুল্য, এই বইগুলির মধ্যে নিম্নস্তরের পুস্তক ও উচ্চতম স্তরের পুস্তকের যে কত তফাৎ আমরা জানিতে না পারিলেও কর্তৃপক্ষ জানেন। শিক্ষাক্ষেত্রে এই বইগুলির কোনটি কিরূপ প্রাধান্য লাভ করে—যদি তাঁহারা তাহার খোঁজ লন,

তাহা হইলে দেখিবেন—তাঁহাদের তালিকার উৎকর্ষাপকর্ষ বিচারের সহিত কিছুই মিলিবে না।

প্রথমতঃ তাঁহাদের বিচার ও শত শত বিদ্যালয়ের বিচার একরূপ নয়—হয়ত বিচারের আদর্শও এক নয়। কারণ, বিদ্যালয়-সমূহের কর্ত্তৃপক্ষের সহিত টি, বি, কমিটির কর্ত্তৃপক্ষের মিলনে একটি অভিন্ন আদর্শ গঠিত হয় নাই। আর যদি fittest এর অর্থ ধরা হয় পুস্তকাধিকারীর চালাইবার ক্ষমতা, তাহা হইলে টি, বি, কমিটির তাহা বিচারের বিষয়ীভূতই নয়। ইহা উক্ত কমিটির বিচারের বিষয়ীভূত যখন নয়—তখন বই চলিল কি না চলিল, —প্রকাশক বা গ্রন্থকার কিছু পাইল কি না পাইল,—তাহাও ঐ কমিটির ভাবিবার কথা নয়।

অতএব টি, বি, কমিটির পক্ষ হইতে পুস্তকের আয়ুনির্দ্দেশ করা এবং অনুমোদিত পুস্তকের সংখ্যা নির্দ্দেশ করা সঙ্গত বলিয়া বোধ হয় না। একখানি পুস্তক চারিবৎসর চলিতে পারে—পাঁচ বৎসর চলিতে পারে না—ইহার মধ্যে যুক্তি খুঁজিয়া পাওয়া যায় না—চারিবৎসরের পর এমন কি স্বাভাবিক ঘটনা ঘটিতেছে যাহা ১০ দিন আগে যে পুস্তক চলিষ্ণু তাহাকে পঙ্গু করিয়া দিতেছে? বরং দিন দিন পুস্তকের সর্ব্বাঙ্গীণ উন্নতিই হইতেছে। পরীক্ষকগণ কি বুঝিতেছেন না নির্দ্দোষ ত্রুটীহীন পুস্তকের সংখ্যা দিন দিন বাড়িতেছে?—নির্দ্দিষ্ট সংখ্যা হইতে নির্দ্দোষ পুস্তকের সংখ্যা ঢের বেশি নয় কি? অধিকাংশ পুস্তকের মধ্যে কি উনিশ-বিশ তফাৎ নয়? এ বিষয়ে Barometer বা Thermometer কিছুই নাই। সংখ্যা সম্বন্ধে, কড়াকড়ি বাঁধন করিলে কি অবিচার হইবার সম্ভাবনা নাই? যাহারা পরিশ্রম করিয়া বই লিখিয়াছে—যাহারা কষ্টার্জ্জিত অর্থব্যয় করিয়া বই ছাপাইয়াছে এবং নির্দ্দিষ্ট দক্ষিণা দিয়া পরীক্ষার্থ পুস্তক প্রেরণ করিয়াছে, তাহারা কি বিনিময়ে দাক্ষিণ্যটুকু প্রার্থনা করিতে পারে না? অতিক্লেশে আবিষ্কৃত ক্ষুদ্র ক্ষুদ্র ত্রুটীর জন্য তাহাদের পুস্তক, নির্দ্দিষ্ট সংখ্যার মর্য্যাদা রক্ষার খাতিরে বর্জ্জিত না হয়—সে জন্য তাহারা কি—আবেদন জানাইতে পারে না?

পাণ্ডুলিপির উপর যে ভাবে পিচার চলে, মুদ্রিত পুস্তকের উপর সে ভাবে বিচার করিলে অন্যায় হয়। এমন কি ছাপা কাগজের জন্যও কোন পুস্তকের পরকাল নষ্ট করা উচিত নয়। 'ছাপা কাগজ ভালো কর'—এই উপদেশ দিলেই প্রকাশক ছাপা কাগজ যতদূর সম্ভব চমৎকার করিতে রাজী হইবে। অনেকে অনির্দ্দিষ্ট ভবিষ্যতের ভয়ে বেশী খরচ করে না, কিন্তু যখন নিশ্চিন্ত হয় তখন ব্যয় করিতে কুণ্ঠা বোধ করে না।

পুস্তকের আয়ু যদি বাঁধিয়া দেওয়া না হয় এবং সংখ্যা সীমা যদি স্থির না থাকে—বৎসর বৎসর যদি নূতন নূতন পুস্তক অনুমোদিত হয়—তাহা হইলে পুস্তকের সংখ্যা বাড়িয়া যাইবে। তাহাতে দেশের কোন ক্ষতি আছে বলিয়া মনে হয় না। যদি ক্ষতি কিছু হয়ও —বর্ত্তমান নিয়মে যে ক্ষতি হইতেছে এবং ভবিষ্যতে যে ক্ষতি হইবে বলিয়া মনে হয় তাহার

চেয়ে কম ক্ষতি হইবে। যাহারা চালাইতে পারে অথবা যাহাদের পুস্তক উৎকৃষ্ট তাহারা এখন যেমন লাভবান হইতেছে, তখনও তেমনই লাভবান হইবে। যাহারা চালাইতে পারিবে না—তাহারা আপনা হইতেই সরিয়া পড়িবে। আর যাহারা কিছুতেই পারিবে না—তাহাদের একটা সংস্করণের বই পাঁচবৎসর সাতবৎসরে কাটিবে—শেষ পর্য্যন্ত তাহাদের লোকসান হইবে না—Term শেষ হইলেই এখন যেমন রাশি রাশি বই ওজনদরে কাগজওয়ালাকে বিক্রয় করিতে হয় - তেমনটি করিতে হইবে না।

ঢাক ঢোল বাজাইয়া ঘোষণা করিয়া আয়ু ও সংখ্যা নির্দ্দেশ করিয়া পুস্তক পেশ করিতে বলা হয় বলিয়াই এত বেশি বই পেশ হয়, স্বাভাবিক ও প্রকৃতিস্থ অবস্থায় এত বই পেশ হইবার কথা নয়।

প্রকাশকরা এখন ঠিক করিতেই পারেন—কোন বৎসর কত সংখ্যা বই ছাপিবেন—শেষ বৎসরে কম্‌তি হইলেও মুশকিল বাড়তি হইলেও মুশ্‌কিল। পূর্ব্বব্যবস্থায় ফিরিয়া আসিলে এই দ্বিধাদ্বন্দ্বেরও সমাধান হইবে। ইহাতে গ্রন্থকারদের গ্রন্থের ও গ্রন্থস্বত্বের মূল্য মর্য্যাদা বাড়িবে—প্রকাশক নিশ্চিন্ত হইয়া কার্য্যে অগ্রসর হইতে পারিবে—ছাত্রগণেরও সুবিধা হইবে—অভিভাবকগণেরও ব্যয় সংক্ষেপ হইবে। টি, বি, কমিটির কাজও অনেক কমিয়া যাইবে।

একখানি পুস্তক অননুমোদিত হইলে চারিবৎসরের মধ্যে সেই পুস্তককে পরিমার্জ্জিত করিয়া পুনরায় পেশ করিবার সুযোগ নাই। এই সুযোগ হইতে বঞ্চিত করা অসঙ্গত মনে করি। একবৎসরের দণ্ডই যথেষ্ট মনে করা উচিত। বহু ব্যক্তির অর্থ সামর্থ্য যেখানে জড়িত সেখানে দেশেরই অর্থ-সামর্থ্য বলিয়াই তাহাকে মনে করিতে হইবে। দেশের অর্থ-সামর্থ্যের যাহাতে অপচয় না হয়, ক্ষমতাপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণের সে দিকে দৃষ্টি রাখা কর্ত্তব্য মনে করি। পর বৎসরই পেশ করিবার অধিকার দিলে এই অর্থ-সামর্থ্যের অপচয় অনেকটা নিবারণ করা যায়। কেবল তাহাই নয় যে টি, বি, কমিটির যে সদস্য পুস্তক না-মঞ্জুর করেন—তাঁহারই উচিত—পুস্তকের পরিমার্জ্জনায় সহায়তা করা অর্থাৎ যাহাতে পুস্তকখানি অনুমোদন যোগ্য হয় সে বিষয়ে উপদেশ দেওয়া।

টি, বি, কমিটির কাজ কমিয়া গেলে এই ভাবে কমিটি গ্রন্থকারগণকে সহায়তা করিতে পারেন।

শরৎ-সাহিত্যে পল্লীসংস্কার ও নারীর স্থান

শ্রীগিরিশচন্দ্র দাস, শিক্ষক, গোপালদিঘী কে, পি, ইউনিয়ন
উচ্চ ইংরেজী বিদ্যালয়, পোঃ কালোহা—ময়মনসিংহ।

আজ চোখের জলে ভাস্‌তে ভাস্‌তে বাংলার বর্ত্তমান যুগের শ্রেষ্ঠ ঔপন্যাসিক, কথাশিল্পী ও সাহিত্যিক, পল্লীসংস্কারক ও মনস্তত্ত্ববিদ্ শরৎবাবু সম্বন্ধে দুচারটী কথা লিখ্‌তে যেয়ে কেবলই মনে হচ্ছে বাংলার, বাঙ্গালীর ও বাংলা সাহিত্যের দুর্ভাগ্যের কথা। শরৎবাবু কেবল মাত্র ৫৭ বছরে পদার্পণ করেছিলেন। এই জনবহুল মনুষ্যবিরল বাংলা দেশে তাঁর মত একজন কৃতী সন্তান ও সংস্কারকের খুবই প্রয়োজন ছিল আরো কিছু দিন। কিন্তু বিধাতার ইচ্ছা বোধ হয় অন্যরূপ; তাই আমরা এরূপ অসময়ে ও অপ্রত্যাশিতভাবে এইরূপ একজন মনীষীকে হারালাম। নিয়তি কেন বাধ্যতে? এ দুঃসহ দুঃখে, এ অপূরণীয় ক্ষতিতে এই টুকুই আমাদের সান্ত্বনা।

আমি সাহিত্যিক নই, ঔপন্যাসিকের কল্পণাপ্রবণ হৃদয় আমার মোটেই নেই—সমালোচকের সূক্ষ্ম বিচার বুদ্ধিরও স্পর্দ্ধা রাখি না। আমি এই বিংশ শতাব্দীর উপন্যাস রাজ্যের একচ্ছত্র সম্রাট্, বিশেষ করে সাহিত্য ও উপন্যাসের ভিতর দিয়ে পল্লীসংস্কার ও পল্লী উন্নয়নকল্পে দৃঢ়প্রতিজ্ঞ—মনীষী শরৎবাবুর একজন দীন সেবক মাত্র। তাই তাঁর সম্বন্ধে দুচার কথা লিখার এ প্রয়াস এবং তাঁর সম্বন্ধে কিছু লিখ্‌তে যেয়ে আজ দত্ত কবির একটা কথা মনে পড়ে গেল। পর্ব্বতরাজ হিমালয়ের বিশাল, বিরাট ও গূঢ় রূপ ও অসীম গুণরাশি বর্ণনা প্রসঙ্গে সত্যেনবাবু লিখেছেন—

"বাল্মীকি যাঁর মহিমা গান,
কালিদাস যার অন্ত না পান,
সেই মহিমার ছবি আঁকিবার
দুরাশা ক্ষম হে মম—
বিশ্বপূজিত নমঃ। ইত্যাদি।"

আমিও আজ এই বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ ঔপন্যাসিক, কথাশিল্পী ও সাহিত্যিকের সম্বন্ধে দু'চার কথা লিখ্‌তে যেয়ে দত্ত কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বল্‌তে চাই যে, ঐ ভাবরাজ্যের একচ্ছত্র সম্রাট্, উপন্যাসরাজ্যে নূতন ভাবধারার প্রবর্ত্তক, পল্লীসংস্কার ব্রতের অগ্রণী শরৎবাবুর অসাধারণ রচনানৈপুণ্য, সর্ব্বতোমুখী প্রতিভা ও বিবিধ গুণের বর্ণনা কর্ত্তে যাওয়াও আমার পক্ষে ধৃষ্টতা মাত্র। তবে আমার ভরসা এইটুকু যে আমার চেষ্টা কিছু অন্যায় নয়। যেহেতু, আমি বাংলা মায়ের একজন কৃতী সন্তান, একজন মনীষীর গুণাবলীর কিঞ্চিৎ

আলোচনা কর্ত্তে যাচ্ছি মাত্র। তাই ভরসা আছে, দোষ ত্রুটী আমার নিজের ভাব ও ভাষার দৈন্যজনিত যতটাই থাক্—ক্ষমা আমি অবশ্যই পাবো আমার অক্ষমতাজনিত ত্রুটীর জন্য।

শরৎবাবু যে যুগে জন্মগ্রহণ করেছেন উহা বাংলা সাহিত্যক্ষেত্রের চরম উন্নতির যুগ। সংস্কৃতবহুল ভাষার প্রচলন ও প্রাবল্য সে যুগে মোটেই ছিল না। ভাষা গণ্ডী নিষেধের শৃঙ্খলে হাত পা বেঁধে নিতান্ত জড়বস্তুর মত ছিল না। উপযুক্ত, সুদক্ষ শিল্পী ও কারিকর যেমন খড় মাটি দিয়ে দেবীমূর্ত্তি গঠন ক'রে ক্রমে তাকে এক মেটে, দু মেটে ও অবশেষে নানা প্রকার বর্ণে চিত্রিত করে এবং সর্ব্বশেষে পুরোহিত এসে প্রাণ প্রতিষ্ঠা ক'রে থাকেন, বাংলা ভাষারূপ কাঠামখানিরও বঙ্কিমী যুগেই বঙ্কিম প্রভৃতির ন্যায় উপযুক্ত, সুদক্ষ পূজারী দ্বারা প্রাণ-প্রতিষ্ঠা হয়েছিল। তাই বঙ্কিমী যুগের লেখকদের ন্যায় পুরাণ-পন্থীদের সঙ্গে রীতিমত বাক্‌যুদ্ধ করে' শরৎবাবুকে ভাষার সৃষ্টি কর্ত্তে হয় নাই। সংবাদ প্রভাকরের ভিতর দিয়ে বঙ্কিমপন্থী ও পুরাণপন্থী ভট্টাচার্য্যদের দলের (সংস্কৃতবহুল ভাষার পক্ষপাতী) সঙ্গে যে উত্তর প্রত্যুত্তরে রীতিমত বাক্‌যুদ্ধ চল্‌তো—তা "শব পোড়া মরা দাহ" ও "ভট্টাচার্য্যের চানা" প্রভৃতি বিদ্রূপাত্মক (terms) সংজ্ঞাগুলি হতেই স্পষ্ট প্রতীয়মান হয় এবং বাঙ্গালা ভাষানুরাগী ব্যক্তিমাত্রই অবশ্যই উহার খবর রাখেন। কাজেই এ বিষয়ে বিস্তারিত আলোচনা প্রয়োজন বোধ করি না।

বাঙ্গালা ভাষার ক্রমোন্নতির বিষয় বর্ণনা কর্ত্তে যেয়ে—একজন লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিক বলেছেন "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত প্রভৃতি মনীষিগণ বাংলা ভাষারূপ গহন বনের ভিতর দিয়ে শুধু পথ প্রস্তুত করে গিয়েছেন। বঙ্কিমবাবু প্রভৃতি পথের দুই ধারের সমস্ত আবর্জ্জনা পরিষ্কার করতঃ পথটা সুগম করে দিয়েছেন। তাঁর পরবর্ত্তী যুগের লেখকগণ পথের দুই পার্শ্বে নানারূপ ফল ফুলের বৃক্ষ রোপণ করে' তাকে সুশোভিত করেছেন"।—যা হ'ক বাংলা ভাষার ক্রমোন্নতির ইতিহাস আলোচনা করা আমার উদ্দেশ্য নহে। প্রসঙ্গক্রমে যেটুকু লিখ্‌তে বাধ্য হলাম—আশা করি এজন্য সুধীজনের নিকট ক্ষমা অবশ্যই পাবো।

মোটের উপর শরৎ সাহিত্যে আমরা ভাষার কোনও প্রকার কৃতিত্ব বা আড়ম্বর দেখ্‌তে পাই না। কৃতিত্ব যদি কিছু থাকে তা হচ্ছে—সাধারণ সহজ সরল ভাষায় মনের ভাব ব্যক্ত কর্ব্বার ক্ষমতা—যে বিষয়ে সাধারণ ঔপন্যাসিকের সঙ্গে শরৎবাবুর তুলনাই চলে না। ভাষার দিক দিয়ে বল্‌তে গেলে "বঙ্কিমের ভাষা ছিল যেন মধ্যাহ্নের দীপ্ত দিবাকর—আর শরৎবাবুর ভাষা শারদ-চন্দ্রমার স্নিগ্ধ আলোক সম্পাত—একটি খরস্রোতা নদীর উত্তাল তরঙ্গের গভীর গর্জ্জন,—অপরটী ক্ষীণস্রোতা কলনাদিনী কল্লোলিনীর অস্পষ্ট কলতান—, একটি শ্রাবণ মেঘের গুরু গম্ভীর গর্জ্জন——অপরটী বসন্ত ভ্রমরের মনোমুগ্ধকর উন্মত্ত গুঞ্জন।... ...

কিন্তু যে জিনিষ নিয়ে শরৎবাবু উপন্যাস-রাজ্যে তাঁর সুদৃঢ় স্বর্ণ সিংহাসন স্থাপন

করেন, যার বলে তিনি উপন্যাস-রাজ্যে একটা যুগান্তরের সৃষ্টি করেন, সেটা হচ্ছে তাঁর মানব-মন বিশ্লেষণ ক্ষমতা যাকে ভিত্তি করে আজ পাশ্চাত্য-সাহিত্য ও উপন্যাস গড়ে উঠ্‌ছে ও শ্রীবৃদ্ধি লাভ কর্চ্ছে। মনস্তত্ত্ব বিশ্লেষণ শিল্পে যে, বর্ত্তমান যুগে শরৎবাবুর স্থান সর্ব্বোচ্চে,—এ নির্জ্জলা খাঁটী সত্য কথাটি বোধ হয় তাঁর বিরুদ্ধ সমালোচকগণও অকুণ্ঠিতচিত্তে স্বীকার কর্ব্বেন। বড় বড় সাহিত্যিক, সমালোচক, জীবনী লেখক ও ঔপন্যাসিকের বিচারে শরৎবাবু কোন্ হিসাবে শ্রেষ্ঠ—সে বিচার বা সমালোচনা কর্ব্বার ধৃষ্টতা আমার নেই।...

শরৎবাবুর যে দিক্‌টার কৃতিত্বের জন্য এ ক্ষুদ্র লেখক তাঁর প্রতি এতটা আকৃষ্ট, সেটা হচ্ছে তাঁর "পল্লীসংস্কার ব্রতে দৃঢ় পণ"—যা তিনি পূর্ণ মাত্রায় পালন করে গ্যাছেন তাঁর সুনিপুণ লেখনী সাহায্যে। সমাজ-সংস্কারের দিকেও তাঁর ঝোঁক ছিল বঙ্কিমের মতই, —কিন্তু পল্লীসংস্কারে তিনি যেন বঙ্কিমকেও ছাড়িয়ে গিয়েছিলেন। তাই পল্লীর হীন দলাদলি—ঘেষাঘেষি, রেশারেশি, পরশ্রীকাতরতা প্রভৃতির বিষাক্ত আবহাওয়ায় অতিষ্ঠ হয়ে "পল্লীসমাজের" নায়ক—শিক্ষিত, উদার, পরোপকারী প্রবাসী যুবক রমেশ যখন অভিমানে স্বগ্রাম ত্যাগ করার সংকল্প করেন তখন তাঁকে পল্লী-উন্নয়ন ব্রতে উদ্বুদ্ধ কর্ব্বার মহান্ উদ্দেশ্য নিয়ে শরৎবাবু তাঁরই নিপুণ হস্তের সুনিপুণ তুলিকাঙ্কিত স্নেহময়ী, কর্ত্তব্য-পরায়ণা আদর্শ রমণী জ্যাঠাইমার (সিদ্ধেশ্বরী) মুখ দিয়ে রমেশকে উপদেশচ্ছলে বলাচ্ছেন "না হেসে করি কি, বলত বাছা? বরং আমি বলি, তোরই এখানে থাকা সব চেয়ে দরকার। রাগ করে' যে জন্মভূমি ছেড়ে চ'লে যেতে চাচ্ছিস্, রমেশ বল্ দেখি তোর রাগের যোগ্য লোক এখানে কে আছে? আহা! এরা যে কত দুঃখী, কত দুর্ব্বল—তা' যদি জানিস্ রমেশ, এদের উপর রাগ কর্ত্তে তোর আপনি লজ্জা হবে। ভগবান্ যদি দয়া করে তোকে পাঠিয়েছেন, তবে এদের মাঝখানে তুই থাক্, বাবা।"

অভিমান-ক্ষুব্ধ কণ্ঠে রমেশ বল্‌লে, "কিন্তু এরা যে আমায় চায় না জ্যাঠাইমা। তদুত্তরে রমেশকে উৎসাহিত করাতে জ্যাঠাইমার মুখ দিয়েই পুনরায় বলাচ্ছেন :—

"তাই থেকেই কি বুঝ্‌তে পারিস্ নে, বাবা, এরা তোর রাগ অভিমানের কত অযোগ্য? আর শুধু এরাই নয়—যে গ্রামে ইচ্ছে ঘুরে আয়, দেখ্‌বি সমস্তই এক"।

জ্যাঠাইমার উপর রমেশের অগাধ বিশ্বাস ও অবিচলিত ভক্তি ছিল। তাই জ্যাঠাইমার উপদেশ শিরোধার্য্য করে' ভাঙ্গা মন জোড়া লাগাতে চেষ্টা করে' রমেশ আরো কিছুদিন পল্লী উন্নয়ন কার্য্যে ব্রতী থাক্‌লো। কিন্তু কয়েক দিন পর যখন তার জমিদারীর অন্তর্গত পীরপুর গ্রামের মুসলমান প্রজারা তাদের ছেলেদিগকে মুসলমান বলে গ্রামের স্কুলে ভর্ত্তি করা করা হয় না বলে ছোট বাবুর কাছে অভিযোগ কর্ল, সেই দিন তাঁর মন আবার বিদ্রোহী হয়ে উঠ্‌লো ঐ হিংসা-কলহ জর্জ্জরিত, কুসংস্কারাচ্ছন্ন পল্লী সমাজের বিরুদ্ধে। তাই তিনি গ্রামের স্কুল এবং সমস্ত ব্যাপারের সঙ্গে সম্বন্ধ বিচ্ছিন্ন করে' পীরপুরে নূতন স্কুল খোলার সংকল্প নিয়ে যখন তাঁর একমাত্র

ভরসাস্থল জ্যাঠাইমার কাছে অনুমতির জন্ত গেলেন তখনও সেই মহিয়সী নারীর মুখ দিয়ে উপদেশচ্ছলে শরৎ বাবু বলাচ্ছেন, "তাই তো তোকে বারবার বলি বাবা, তুই তোর জন্মভূমিকে ত্যাগ করে যাস্‌নে। তোর মত বাইরে থেকে যারা বড় হ'তে পেরেছে তারা যদি তোরই মত গ্রামে ফিরে আস্‌তো, সমস্ত সম্বন্ধ বিচ্ছিন্ন ক'রে চলে না যেত, পল্লীগ্রামের এমন দুরবস্থা হ'তো না। তারা কখনই গোবিন্দ গাঙ্গুলীকে মাথায় তুলে নিয়ে তোকে সরিয়ে দিতে পারত না।" রমেশ যখন অভিমান ও আব্দার মিশ্রিত স্বরে জানাল যে তারও ঐরূপ হেয় দলাদলির বিষাক্ত আবহাওয়া ছেড়ে যেতে এতটুকুও দুঃখ নেই, বরং তার মন হাঁপিয়ে উঠেছে ঐ বিষাক্ত আবহাওয়া হতে নিজকে একটু মুক্ত কর্ত্তে—তখন জ্যাঠাইমাকে দিয়ে পুনরায় তাকে উৎসাহিত করা হচ্ছে নিম্নলিখিত ওজস্বিনী ভাষায় :—

"না রমেশ, তা কিছুতেই হতে পারে না। যদি এসেছিস্‌, যদি কাজ সুরু করেছিস্‌, মাঝখানে ছেড়ে দিলে তোর জন্মভূমি তোকে ক্ষমা কর্ব্বে না।" তদুত্তরে রমেশ যখন বল্‌লে যে জন্মভূমি তার একার নয় তখন জ্যাঠাইমা আরো উদ্দীপ্ত কণ্ঠে বল্‌ছেন—

"তোর একার বই কি বাবা, শুধু তোরই মা। দেখতে পাস্‌নে মা, মুখ ফুটে সন্তানের কাছে কোন দিনই কিছু দাবী করেন না। তাই এত লোক থাক্‌তে কারো কানেই তাঁর কান্না গিয়ে পৌছিতে পারেনি, কিন্তু তুই আস্‌বামাত্রই শুন্‌তে পেয়েছিলি।"

ভক্তি, করুণা ও কর্ত্তব্যের নিষ্ঠায় হৃদয় পরিপূর্ণ ক'রে রমেশ যেন এক নূতন মন্ত্রে দীক্ষিত হ'য়ে পল্লী-উন্নয়নের সাধু সংকল্পে উদ্বুদ্ধ হয়ে ঘরে ফিরে এল এবং এইবার থেকেই তার প্রকৃত পল্লী-সেবা আরম্ভ হ'ল। যে মাল মসলা জ্যাঠাইমার কাছ থেকে নিয়ে রমেশ তার কাজ আরম্ভ করেছিল, পদে পদে প্রতিকূল আবহাওয়া তার উদ্দাম গতিকে প্রতিহত না কর্লে হয়ত ওর জোরেই সে সারাটি জীবন সমান নিষ্ঠা ও আন্তরিকতা নিয়েই পল্লী-সেবা কর্ত্তে পার্ত্তো। কিন্তু ঘৃণ্য দলাদলি, জাত-বিচার, কলহ বিবাদ তাকে এমন ভাবে বাধা দিতে লাগ্‌লো যে কয়েক দিনের মধ্যেই সে পুনরায় দিশেহারা হয়ে পড়ল এবং তার স্নেহময়ী জ্যাঠাইমার স্নেহের আকর্ষণ যেন ঐশীশক্তির মতই তাকে অকৃষ্ট করে পুনরায় উপদেশ গ্রহণের জন্ত তাঁর কাছেই নিয়ে গেল। রমেশ পুনরায় সেই মহিয়সী নারীর চরণ-তলে উপবেশন করে শুন্‌তে লাগলো :

"রমেশ, চুলোয় যাক্‌ না তোদের জাত বিচারের ভাল মন্দের ঝগড়া-ঝাটি বাবা, শুধু আলো জেলে দেরে, শুধু আলো জেলে দে। গ্রামে গ্রামে লোক অন্ধকারে কাণা হ'য়ে গেল, একবার কেবল তাদের চোখ মেলে দেখবার উপায়টা করে দে বাবা, তখন আপনি দেখতে পাবে তারা কোন্‌টা কালো, কোনটা ধলো। যদি ফিরেই এসেছিস্‌ বাবা, তবে আর চলে যাস্‌নে। তোরা মুখ ফিরিয়ে থাকিস্‌ বলেই তোদের পল্লী-জননীর এই দুর্দ্দশা।"

কি আন্তরিকতাপূর্ণ, কিরূপ অন্তরের গভীর দরদভরা উক্তি! আমার মনে হয় শরৎবাবু যদি অন্য কোন কিছু নাও লিখ্‌তেন, একমাত্র পল্লী সমাজের জ্যাঠাইমার চরিত্রাঙ্কনই বোধ হয় তাঁকে বাংলার উপন্যাস রাজ্যে ও তার পাঠক পাঠিকার স্মৃতিপটে অমর করে রাখ্‌তো।

পল্লী সমাজের ভিতর দিয়ে শরৎবাবুর পল্লী সংস্কার ও পল্লী উন্নয়নের আন্তরিক চেষ্টার কথা মনে কর্ত্তেই বাংলা মায়ের আর একজন কৃতী সন্তান পল্লী উন্নয়ন ব্রতের অগ্রণী, ও বাংলার, তথা ভারতের, ব্রতচারী আন্দোলনের প্রবর্ত্তক শ্রীযুক্ত গুরুসদয় দত্ত, আই, সি, এস, মহোদয়ের কথা মনে পড়ে। দত্তজী তাঁর পল্লী উন্নয়ন প্রচেষ্টার প্রথম প্রেরণা পল্লী সমাজের জ্যাঠাইমার উত্তেজনাপূর্ণ উক্তি হ'তে পেয়েছিলেন কিনা ঠিক জানা নেই। তবে উভয়ের উক্তির মধ্যে সামঞ্জস্য দেখ্‌তে পাই অনেকখানি। সর্ব্ব-সাধারণের অজ্ঞতা যে পল্লীর দুর্দ্দশার জন্য অনেকাংশে দায়ী এবং সাধারণে শিক্ষা বিস্তার যে এ সমস্যা সমাধানের একটি প্রকৃষ্ট পথ, তা উভয়ের লেখার ভিতরেই জলন্তভাবে ফুটে উঠেছে। দত্তজীর "জ্ঞানের মশাল নিয়ে হাতে, নেমে আয় চাষের ক্ষেতে—যেথা চল্‌ছে চাষীর আঁধার নিশির, ঘুমের ঘোরে কাঁদা হাসা" ইত্যাদিতে—যেন শরৎবাবুর নিপুণ হস্তাঙ্কিত জ্যাঠাইমার রমেশের প্রতি সেই উদ্দীপনাপূর্ণ—দেরে আলো জেলে দে, গ্রামের লোক সব অন্ধকারে কাণা হ'য়ে গেল ইত্যাদির হুবহু পুনরুক্তি মাত্র।

যা হ'ক ব্রতচারী আন্দোলন সম্বন্ধে কোন কিছু আলোচনা করাও আমার এ ক্ষুদ্র প্রবন্ধের উদ্দেশ্য নহে। প্রসঙ্গক্রমে সামান্য যেটুকু লিখতে হল, আশা করি এ জন্য সহৃদয় পাঠক মহোদয়গণ ক্ষমা কর্ত্তে পার্ব্বেন।

পল্লীর খুঁটিনাটি সাধারণ ব্যাপারগুলিও ৺শরৎবাবুর সতর্ক চক্ষুর দরদভরা দৃষ্টি এড়াতে পারে নাই। সূক্ষ্ম সমাজ-সংস্কারক, প্রকৃত দরদী, অনন্যমনা পল্লী-সেবকের করুণা ভরা মন নিয়ে তিনি দেখেছিলেন পল্লীর অবিচার, অত্যাচারকে। দুর্ব্বলের উপর সবলের অত্যাচার সংসারে আবহমানকাল থেকেই চলে আস্‌ছে। কিন্তু তৎপ্রতিকারার্থ বোধ হয় আর কারো করুণ কোমল প্রাণ কেঁদে উঠেনি শরতের মত। শরতের মনটী ছিল যেন শরতেরই শিশির-বিন্দুর মত স্নিগ্ধ—সহজেই যেন ঝরে পড়তো তাঁর অশ্রু-নির্ঝর গরীবের দুঃখে। সমবেদনায় কেঁদে উঠতো তাঁর আকুল প্রাণ গরীবদের জন্য। তাই তিনি গরীবের অজ্ঞতাজনিত দুঃখে, দুর্ব্বলের উপর সবলের অত্যাচারে স্থির থাকতে পারেন নাই।— তাই, অসি ব্যবহার বিংশ শতাব্দীর বিলাসী বাঙ্গালী কেরাণী-কুল ভুলে গেলেও, মসীরূপ প্রহরণ নিয়ে কোমর বেঁধে ঐ সব অত্যাচার অবিচারের বিরুদ্ধে দণ্ডায়মান হয়েছেন এই দরদী মানুষটী। তাই তিনি কাশীপুরের নিতান্ত দীন-দরিদ্র গফুর জোলার বুকফাটা মর্ম্মান্তিক দুঃখ বুক পেতে নিয়েছিলেন। তর্কালঙ্কার মহাশয় ও

জমিদারবাবুর হৃদয়হীন ব্যবহার, তথাকথিত শাস্ত্রকার ও সমাজপতিগণের নির্ম্মম ব্যবহার ও বিচারের নামে অবিচার তাঁর চক্ষু এড়াতে পারেনি।

মহেশগত প্রাণ গফুর জোলার গভীর দুঃখে সমস্ত হৃদয় দিয়ে সমবেদনা প্রকাশচ্ছলে গফুরের মুখ দিয়েই নিরপেক্ষ বিচারক, সূক্ষ্মদর্শী ভগবানের আদালতে যে অভিযোগ পেশ করিয়েছেন, উহা বাস্তবিক বড়ই দরদ ও সহানুভূতিপূর্ণ। যেখানে সমাজে বিচারের নামে অবিচার, শাসনের নামে অত্যাচার, ধর্ম্মের নামে অধর্ম্ম ও পুণ্যের নামে পাপের প্রশ্রয় দেওয়া হয়, সেই সমাজের বুকের উপর দাঁড়িয়ে, গরীবের ধনীর বিরুদ্ধে কিছু কর্ত্তে যাওয়া যে নিতান্তই বোকামী ও লাঞ্ছনার মাত্রা বাড়ানোর পথ পরিষ্কার করা—তাও শরৎ বাবু তাঁর নিপুণ হস্তের সুনিপুণ তুলিকায় এমন সুন্দরভাবে অঙ্কিত করেছেন যে পাঠকগণ তাতে একবারে আত্মবিস্মৃত হয়ে—তাদের বাইরের সত্তাকে ভুলে যেয়ে, সুনিপুণ লেখকের ভাবসমুদ্রের গভীরতার মধ্যে একেবারে তলিয়ে পড়েন। কতখানি দরদ, কতটা অন্তরিকতা দিয়ে অন্যের দুঃখটা অনুভব কর্লে যে "খোদা, যারা তোমার দেওয়া ঘাস ও তোমার দেওয়া তেষ্টার জল হতে আমার মহেশকে বঞ্চিত করেছে—তাদের কসুর যেন মাফ্ করোনা"—এরূপ উক্তি বের হয় তা' প্রকৃত দরদী ছাড়া অন্যের পক্ষে সম্যক্ হৃদয়ঙ্গম করা সম্ভবপর নয়।

ক্রমশঃ

———

শিক্ষক-জীবন

শ্রীকালিদাস রায়
ভবানীপুর মিত্র ইনস্টিটিউসন

ছাত্র দশায় ছিলনাক লক্ষ্য কোনটাই,
সাধ ক'রে আর এই জীবনে বরণ করি নাই।
আশা ছিল অনেক বড় অনেক ঘুরে ফিরে
বাধ্য হ'য়ে এই জীবিকা তুলে নিলাম শিরে।
বিষয় ব্যবহারে নেহাৎ অকর্ম্মণ্য যারা
কি গতি আর আছে তাদের এই জীবিকা ছাড়া ?
আত্মীয়েরা মুখ বাঁকালেন, আজো নহে সোজা,
যেন তাঁদের বইতে হবে আমার যত বোঝা।
আত্মীয়েরা গেলেন স'রে বন্ধুজনেও তাই
বলেন তাঁরা "কি মহাশয় !" বলেন না আর "ভাই।"
বন্ধ ক'রে দিলেন তাঁরা পত্র-ব্যবহার,
শেষ কালেতে আরে রাম ! বেচারা মাষ্টার।
নানা জনের অবজ্ঞাভার মাথায় ধারণ ক'রে
পঁচিশ বছর কেটে গেল শিক্ষকতা ক'রে।
কে না জানে এই জীবিকায় সুখ-সুবিধা নাই ?
যাতে ঢুকেছিলাম আজো প্রায়ই তাহাই পাই।
তবু আমার এই জীবনই লেগেছে খুব ভালো
মাটীর দীপে হ'লেও এতে কুটীর আমার আলো।
নীরস হ'লেও পেলাম এতে নবীন রসের স্বাদ,
ভেবেছিলাম শাপ যারে তা আজকে আশীর্ব্বাদ।
যা জেনেছি যা শিখেছি শিখাই প্রতিদিন,
কেউ শোনে না, কেউ বা শোনে কেউবা উদাসীন।
কেউ বোঝে না কেউবা বোঝে বিলম্বে কেউ বুঝে,
কেউ মানেনা, বছর দশেক পরেও কেহ খুঁজে।
কার কত লাভ লই না হিসাব লভ্য মোর এই টুক,
আপনাকে 'বিকাশ করা প্রকাশ করার সুখ'।
সত্য যারা' শেখে তাদের মুখের দরপণে
আপনারে দেখছি আমি চিন্‌ছি ক্ষণে ক্ষণে।
এসুখ হ'তে কেবা আমায় করিবে বঞ্চিত ?
এই জীবনের মর্ম্মকোষে সে সুধা সঞ্চিত।

শিখাই যাহা তার চেয়ে ঢের শিক্ষা করি আমি,
শিক্ষা দিতে গিয়া আমার এ লাভও খুব দামী।
শিক্ষার্থীই থেকে গেছি শিক্ষাদানের ছলে
ছাত্র-জীবন হয়নিক শেষ এই জীবিকার ফলে।
পাঁচ বছরে যেই জীবনের হইল হাতে খড়ি,
অবিচ্ছেদে তারই ধারা চলছে বরাবরই।
পাই বা না পাই মা কমলার করুণা, মর্য্যাদা,
সরস্বতীর সেবায় কভু হয়নি তাতে বাধা।
বালক দলে বেষ্টিত এই জীবন খানি মোর,
বাইরে বুড়ো অন্তরেতে তারুণ্যে কিশোর।
কভু পিতা কভু ভ্রাতা কভু মিতার মত
তাদের সাথে আচরণে বিচিত্রতা কত!
নানা রসের সমন্বয়ে অপূর্ব্বতায় ভরা
এই জীবনে আজ মনে হয় স্বপ্ন দিয়ে গড়া।
হাজার হাজার সোনার তরী মনের ফসল দিয়া,
ভরি ভরি কোন অকূলে দিলাম পাঠাইয়া;
নিজে যাপি নদীর কূলে অখ্যাত জীবন,
খেয়া ঘাটে শুনছি হেথায় দেয়ার গরজন।
দেশ বিদেশে পাঠায়েছি সোনার ফসল সব,
সান্ত্বনা পাই, এতেই মানি অমূল্য গৌরব।
হারায়েছি বন্ধু অনেক ক্ষোভ করিনা তার,
দশ গিয়েছে তার বদলে পেয়েছি হাজার,
জাত্ গিয়েছে আপদ গেছে, দুঃখ আমার নাই,
মস্ত বড জাতের মাঝে পেয়েছি আজ ঠাঁই।
পাইনি বটে এ জীবনে রাব্ড়ী পোলাও পিঠা,
শাক অন্ন যা পেয়েছি তাই লেগেছে মিঠা।
ভেবে দেখার নাই অবসর পারিশ্রমিক কত,
জীবিকা যা ছিল তাহা হ'লো ব্রতের মত।
এই জীবনের যা কিছু সার আনন্দ আর ব্যথা,
যাচ্ছি রেখে হাজার প্রাণে; এইত অমরতা!
নিভ্‌ব, তবু দীপ্ত মোরে রাখবে সারা রাত্তি
আমার আলোর স্পর্শে জ্বলা হাজার হাজার বাত্তি।

"কবিতা ও আলোচনা"

শ্রীবিমলানন্দ কাব্য পুরাণ-সাংখ্যতীর্থ

ইটাচুনা স্কুল, হুগলী

বনেচর পূত ঋষির মুখনিঃসৃত প্রথম শোকোচ্ছ্বাস,—সবলহস্তে নিপীড়িত লাঞ্ছিত গভীর মর্ম্মব্যথার অবদান—, অন্যায়ের প্রতীকার-কল্পে সমগ্র বিশ্বে ছন্দিত আকুল আহ্বান—কবিতা।

দুখের মাঝেই এই কবিতার প্রথম স্ফূর্ত্তি, তাই কবিত্ব মানুষের চক্ষে মনোরম, দুখের মাঝেই কবিত্বের অভিনব উত্তর, তাই সে আশু মর্ম্মস্পর্শী, দুখের মাঝেই তার অপূর্ব্ব বিকাশ, তাই মানুষ কবিত্বের সৌন্দর্য্য-সুষমায় আত্মহারা হয়ে পড়ে।

এই কবিতার দুইটী দিক্ বা দুইটী রূপ—অন্তর্দ্দিক্ ও বহির্দ্দিক্, সহজ ও কৃত্রিম রূপ।

অন্তরের সূক্ষ্ম যে ভাব-ধারা ভাষার সাহায্যে মূর্ত্ত হয়ে জগতের বক্ষে প্রকাশ পায়, তাহাই কবিতার বহির্দ্দিক্ বা কৃত্রিম রূপ। মূক ভাব-ধারাকে শব্দিত করা, অরূপকে রূপবান্ করা, অমূর্ত্তকে মূর্ত্তরূপে প্রকটিত করা, ঘুমন্তকে জাগ্রত করা এবং অর্দ্ধস্ফুটন্তকে প্রস্ফুট করাই ভাষাতন্ত্র কবিতার আদিম রহস্য। আর এই রহস্যের মর্ম্মোদ্‌ঘাটকরাই জগতে কবি নামে পরিচিত এবং তাঁহারা সংখ্যায় কম।

জাগতিক দ্বন্দ্বের ঘাত-প্রতিঘাতে যে ভাব-ধারা অন্তরের মাঝে উদ্বুদ্ধ হয়ে অন্তরেই বিলীন হয়, যার রূপ বহির্জগতে অরূপ থেকেই যায়, অন্তরের অন্তরতম বক্ষরূপ কক্ষ যার লীলাভূমি তাহাই কবিতার সহজ রূপ বা অন্তর্দ্দিক্।

এই কবিতার অধিকারী জীবমাত্রই, কাজেই জীবমাত্রকেই আন্তর কবি বলা যায়।

দুখকে তিলে তিলে অনুভব করার পর ঋষির অন্তর-সমুদ্র মথিত করে উঠেছিল ছন্দিত ঝঙ্কৃত যে ভাবামৃত-লহরী তাহাই প্রথম কবিতা—মর্ত্ত্যভূমির অফুরন্ত গৌরব। সেই অবধি এই করুণরস-প্রধান কবিতাই সমাজে চির-আদৃত, চির বরনীয়।

এই দুখ বা কারুণ্যের সাথে হৃদয়ের যত মিল, আর কারও সাথে তত নয়। দুখকে হৃদয় যতখানি বোঝে, সুখকে ততখানি পারে না। দুখ করুণ রসের অভিব্যক্তি, হৃদয় করুণার প্রতীক্, দুখ করুণ সুরের সমষ্টি; হৃদয় কোমল স্পন্দনের পূর্ণ অভিব্যক্তি। এই সুর—আর স্পন্দন—একই জিনিষ।

স্পন্দন-সমষ্টি সুর, সুরের ব্যষ্টি স্পন্দন। কাজেই করুণ-রস-প্রধান নাটক, উপন্যাস

অথবা কবিতায় লোকের আগ্রহ বেশী দেখা যায়। যে কবিতার সুর হৃদয়ের সুরের সাথে মিল খায়, যে কবিতা হৃদয়ের সুর দিয়েই তৈরী—সেই কবিতাই সমাজে, রাষ্ট্রের বুকে আনে নব জাগরণ।

হৃদয় যেন বিরহী। যেন সে সতত ব্যাকুল কোন্ এক অজানার বিরহে। সে যেন সদা "কার ও পথ পানে চেয়ে"। নিশিদিন আছে সে সেই অচিনের প্রতীক্ষায়—। তাই বিরহের সুর আকুল করে তার প্রাণ। এই বিরহ করুণতায় ওতপ্রোতঃ—কারুণ্যে ঢালা, এই বিরহই দুঃখের মূল উপাদান। তাই করুণ-রস-প্রধান বা দুঃখ-হৃদয় কবিতাই সবচেয়ে বেশী হৃদয়গ্রাহী। বীর বা অন্য রসের কবিতা সমাজে শীর্ষস্থান অধিকার করতে পারে না, কারণ হৃদয় সাধারণতঃ বীর রসের স্পন্দনে তৈরী নয়। ২।৪টী হৃদয় তাহাতে আকৃষ্ট হয় বটে, কিন্তু সমগ্র নয়। সে উত্তেজনা আনে, অল্পের—, সমগ্রের নয়, সে বিভীষিকার সৃষ্টি করে, উপসম করে না, অশান্তির তরঙ্গ উদ্বেলিত করে, শান্তির ধারা বর্ষণ করে না—তাই সে সমাজ-হৃদয় গ্রহণে চির অক্ষম থেকেই যায়।

আধুনিক জগতেও করুণরসের বা দুঃখ-হৃদয় কবিতাকেই সর্ব্বতোভাবে লোকের হৃদয়গ্রাহী হতে দেখা যায়।

তাই সহস্র সহস্র বৎসর পর্ব্বের রচিত রামায়ণ আজিও শত সহস্র—দুঃখায়িতপ্তা সতী সীতার পূত চরিত অন্তরে জাগিয়ে চিত্তবৃত্তি দ্রবীভূত করে শোকাশ্রু-বন্যায় লোকের মানস-কলুষরাশি দেয় ধৌত করে'। তাই আজিও সতীকুলশিরোমণি সাবিত্রীর "মৃত পতি কোলে"—উপন্যাস পড়ে লোকের দুনয়নে দরবিগলিত ধারে অশ্রু-গঙ্গা বয়ে যায়। নল-দময়ন্তীর কাহিনী পড়ে কোন্ সীমন্তিনীর চন্দ্রবদন অশ্রু-ধারায় সিক্ত, বিকৃত বা মলিন না হয়? তাই পশ্চাত্য সংস্কৃতি-সংসৃষ্ঠি হয়েও আমরা আজিও রামায়ণ মহাভারত ভুলতে পারি নি।

কিন্তু লক্ষ্মণ ইন্দ্রজিতের যুদ্ধের কথা কয়জনের প্রাণে সাড়া আনে? কতটি চিত্ত মথিত দ্রবীভূত করে? বিগত মহাযুদ্ধের ইতিহাস কতটা প্রাণে উন্মাদনা জাগায়? কতটা সাহসী হিয়া রণোল্লাসে নেচে ওঠে?

জীব-জগৎ চায় অব্যাভিচারী শান্তি, চায় অক্ষয় তৃপ্তি, চায় অফুরন্ত আনন্দ। কিন্তু যুদ্ধের কাহিনী লোকের হৃদয়ে ভয়ের সঞ্চার করে, সঞ্চিত শান্তি দলিত করে, অশান্তির জ্বালাময় বহ্নি উদ্গীরণ করে' জীবনকে দগ্ধ মরুভূমে পরিণত করে। কাজেই জীবসমূহ এই অশান্তির পথ হতে নিবৃত্ত হয়ে ক্রমশঃ লক্ষ্যের পথে, শান্তির মার্গে ধাবিত হতে চায়।

কিন্তু এই দুঃখ-হৃদয় কবিতা হৃদয়ের সুরের সাথে মিল খায় বলে হৃদয় তার উপর পড়ে মুইয়ে। তাই মানব-হৃদয় এই কবিতার হৃদয়কে হৃদয় দিয়ে অনুভব করতে করতে একাত্মা বা একাকার হয়ে পড়ে। তাই এই কবিতার সুর হৃদয়ের মর্ম্মে পৌঁছে মর্ম্মকে বিগলিত করে নেয় ছিনিয়ে তার পৃথক অস্তিত্ব অ-ভাবভূমির বক্ষ থেকে।

হৃদয় যেন আর সে হৃদয় নয়—কবিতায় অন্তর্নিহিত সুরে বাঁধা উল্লসিত ভাব-তরঙ্গ

রস-পিপাসু জীব সেই ভাব-তরঙ্গ নীরবে পান করতে করতে যে রস বা আনন্দ অনুভব করে—তাহা বর্ণনাতীত। সাহিত্যে ইহাকে 'ব্রহ্মাস্বাদ সহোদর' বলা হইয়াছে।

অতএব দেখা যায় যাহা জীবের একান্ত লক্ষ্য, একমাত্র কাম্য, যার তরে জীব-জগৎ অহরহঃ লালায়িত—এই দুঃখহৃদয় বা করুণ-রস-প্রধান কবিতার মধ্যেই সেই কাম্যের সহজ সুন্দর অভিনব বিকাশ—তাই জীবের দৃষ্টিতে এই কবিতা অতি মনোরম—তাই জীবের অধিক হৃদয়গ্রাহী। আর এই কবিতাই জীবলোকের শোকে সান্ত্বনা, কষ্টে তৃপ্তি, দারিদ্র্যে ধৈর্য্য, মরণে অভয়-বাণী। এই কবিতাই জীবের দুর্গম জীবন-যাত্রাকে সহজ সুগম করে, তার লক্ষ্যের পথে নিয়ে চলে ধীর মৃদুগতিতে অঙ্কিত করে' হৃদয়-পদ্মে এক অভিনব আদর্শ-মূর্ত্তি।

তাই জীব-জগৎ বরণ করে নিয়েছে এই কবিতাকে না জানি কোন্ স্মরণাতীত কাল থেকে মুক্ত ক'রে বদ্ধ-গহন-হৃদয়-দুয়ার।

চাঁদপুর মহকুমা শিক্ষক সম্মেলন

পঞ্চবিংশ বার্ষিক অধিবেশন

বাকিলা

(সভাপতির অভিভাষণ)

শ্রীসারদাচরণ দত্ত

ম্যাট্রিকুলেশন পরীক্ষায় বিজ্ঞান—আবশ্যিক পড়ায় পরিণত হইতে চলিল। বিজ্ঞান কুসংস্কার দমনের উপযোগী। দেশব্যাপী কুসংস্কার কিছুটা লোপ হইবে, এই আশা করা যাইতে পারে। রসায়ণের প্রবর্ত্তনে দেশের শিল্পের প্রসার হইবার কথা। সর্ব্বোপরি বঙ্গভাষায় সব বিষয়ের উত্তর লেখা যাইবে—বিশ্ববিদ্যালয়ের এই নির্দ্দেশের ফল, অত্যন্ত দূরগামী হইবে। মাতৃ ভাষার ভিতর দিয়া শিক্ষা—প্রাচ্য ও পাশ্চাত্য সব দেশের ন্যায় শিক্ষা—এত দিনে প্রবর্ত্তিত হইল।

ত্রিশ বৎসরকাল একই নিয়মে শিক্ষা চলিয়াছে, এ দেশে। আবার আগামী বৎসরে নূতন নিয়মে হইবে। এখন আর তত দেরী করিলে হইবে না; প্রতি দশ বৎসরে শিক্ষা প্রণালী পরিবর্ত্তন করা দরকার। নতুবা জাতির সর্ব্বাঙ্গীন উন্নতি হয় না। রাইট অনারেবেল কিসার পৃথিবীব্যাপী মহাসমরের সময়ে—কামান গর্জ্জনের মধ্যেও, ইংলণ্ডের শিক্ষা প্রণালী নির্দ্ধারণের কাজে ব্যস্ত ছিলেন। অবশেষে যুদ্ধ শেষ হইলে লোকে দেখিল শিক্ষা প্রণালী পরিবর্ত্তিত হইয়া গিয়াছে। সে, যে ইংলণ্ডের নিজের দেশের কাজ। কিন্তু এই দেশবাসীর

জাগরণের কোন লক্ষণ নাই। কবে সেই দিন আসিবে! জীবনে বোধ হয় দেখিয়া যাইব না। কিন্তু আশা পোষণেও সুখ!

বলিয়াছি, বিজ্ঞান কুসংস্কার দূরীকরণে সিদ্ধ হস্ত। কিন্তু আমাদের দেশ এক অদ্ভুত দেশ! লোকে বিজ্ঞানে এম, এস্ সি পাশ করিয়াও এমন ভাবে কুসংস্কার মানিয়া চলে, যেন কোন দিন বিজ্ঞান পড়ে নাই। শিক্ষকতা কালীন কত ছাত্রকে সূর্য্য ও চন্দ্র গ্রহণ, রাহু নামক কোনও রাক্ষসের ক্ষুধা নিবারণের চেষ্টায় সূর্য্য ও চন্দ্রকে গলাধকরণের ফলে সংঘটিত হয় না এবং হরিসংকীর্ত্তনে চন্দ্র ও সূর্য্যকে ছাড়িয়া দেওয়ার ফলেই তাহাদের মুক্তি হয় না। উহা কল্পনা প্রসূত ও নিছক মিথ্যা।

পৃথিবী, চন্দ্র ও সূর্য্য আপন কক্ষে নিয়ত ঘুরিতেছে। এইরূপ ভ্রাম্যমান অবস্থায় পৃথিবীর ছায়া চন্দ্র অথবা সূর্য্যের উপর পড়িলেই উহার অংশ বিশেষ ছায়ায় ঢাকা পড়ে এবং যে পরিমাণ ঢাকা পড়ে, তাহাই আংশিক বা পূর্ণ গ্রহণরূপে দেখা যায়। ইহাই চন্দ্র ও সূর্য্য গ্রহণের বৈজ্ঞানিক ব্যাখ্যা।

ছাত্রেরা ইহা বুঝিল, মানিয়া লইল। কিন্তু গ্রহণের সময় ঘরে ঘরে শঙ্খ বাজিয়া উঠে এবং খোল করতাল সহ কীর্ত্তন আরম্ভ হয়, তখন ছেলেরা—সত্যের, বিজ্ঞানের পূজারিরা, সকল শিক্ষায় জলাঞ্জলি দিয়া হুলে ভিড়িয়া পড়ে।

অনেক স্কুল অর্থের অভাবে বৈজ্ঞানিক শিক্ষার সাজ সরঞ্জাম ক্রয় করিতে পারিবে না। শিক্ষা বিভাগে অর্থের নিয়ত অনটন। কিন্তু পুলিশের জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় হয়। শিক্ষা বিভাগে যাহা কিছু অর্থ আছে, তাহা স্কুল পরিদর্শন ব্যাপারেই খরচ হয়। যদি কোথাও ব্যয় সঙ্কোচ করা যায় তাহা এই শিক্ষা বিভাগেই। এত পরিদর্শনে স্কুলের জীবদ্দশার হানি ঘটে। ফল হয় এই—স্কুলে সাহায্য ছিটে ফোঁটা। স্কুল না করিতে পারে গৃহ সংস্কার না পায় লাইব্রেরী ও সরঞ্জাম খরিদ করিবার টাকা। প্রত্যেক হাই স্কুলে চারিশত টাকা এবং মধ্যইংরেজী স্কুলে একশত টাকা করিয়া সাহায্য দিলে অতিরিক্ত দেওয়া হয়, এই কথা কেহ বলিতে পারে না।

আমাদের ছেলেরা অলস, নির্জ্জীব ও সৌজন্যহীন। এই জন্য উহাদের নিয়া বাহির হওয়া প্রয়োজন। নতুবা জীবন সংগ্রামে অগ্রসর হইতে পারিবে না। যাউক, উপযুক্ত শিক্ষকের চালনায় বিভিন্ন স্কুলের চালনায় বিভিন্ন স্কুলের একশত ছেলে—আগরতলা, কালীকচ্ছ,চুণ্টা, সীতাকুণ্ড ও চট্টগ্রাম। অথবা যাউক—ঢাকেশ্বরী কটন মিলে, অথবা চিত্তরঞ্জন সুগার মিলে—চরসিন্দুরে। আবেদন করিলে রেলওয়ে ও ষ্টীমারে কম ভাড়ায় এইরূপ ছাত্রসঙ্ঘকে যাইতে দেন, যদি তাহারা বুঝেন, শিক্ষার জন্য এই অভিযান।

পায়ে হাটিয়া ও সাইকেলে দেশ ভ্রমণ এখানকার রেওয়াজ। শিক্ষক মহাশয়েরা সে দিকে ছাত্রদিগকে উৎসাহ দিলে মন্দ হয় না। মানসিক শিক্ষা, বুদ্ধি চর্চ্চা দ্বারা লোকের সম্পূর্ণ শিক্ষা হয় না। সেবা, সাহসের কাজ, দেশবাসীর প্রতি সহানুভূতি দ্বারা লোকের চরিত্র

গড়িয়া উঠে। তাহা না হইলেই রোগীর সেবায় যুবকেরা হয় নির্ম্মম, বিপদে হয় বিহ্বল এবং উৎসবে হইয়া উঠে উশৃঙ্খল।

আমি কোন দিনই মনে করি না যে পাঠ্য পুস্তক পড়িলেই একটা লোকের যাহা জানা দরকার তাহা পায়। দিন দিন জীবিকা নির্ব্বাহ কঠোর হইতে কঠোরতর হইতেছে। কত বিষয়ে ছেলেদের জ্ঞান থাকা প্রয়োজন তাহার সীমা নাই। রবীন্দ্রনাথ শান্তিনিকেতনের কোন শিক্ষককে লিখিয়াছিলেন—

"গ্রামের অর্থনীতির ভিত্তি কোথায়, সমবায় নীতির অর্থ কি, আমাদের দেশের পক্ষে তার প্রয়োজন, গ্রামের লোকের স্বভাবে অভ্যাসে রীতিমত কি অভাব আছে, যাতে তারা অন্নকষ্টে, জল কষ্টে, রোগ তাপে মরে যাচ্ছে, সে কথা ছেলেরা যা'তে বিচার পূর্ব্বক আলোচনা করিতে পারে, সেটা দেখা চাই। জমিদার ও প্রজার সম্বন্ধের কোথায় গলদ আছে, তাহার ফল কি, কি করে তার প্রতিকার হবে সমস্ত কথা এখন থেকেই সুস্পষ্ট করে ছেলেদের চিন্তা করা চাই। মনে রেখো ক্লাসের শিক্ষার চেয়ে এ গুলো বড় শিক্ষা।"

এই বাহিরের শিক্ষা দিবার জন্য বাবুর হাট স্কুলে "আলোচনা পরিষদ" নামে একটী সভা বহু দিন পূর্ব্বে আমি করি। যিনি আমার স্থলাভিষিক্ত আছেন, তিনিও ঐ সভাটি বজায় রাখিয়াছেন। এই জন্য তাঁহার প্রতি আমি কৃতজ্ঞ। পূর্ব্বে বিষয় নির্ব্বাচিত হইয়া থাকে, পরে আলোচনার বিষয়টি পরিস্ফুট হয়। অবশ্য ছাত্রদিগকে বাহিরের বই পড়িতে উৎসাহ দিতে হইবে।

আমি জিজ্ঞাসা করিয়া দেখিয়াছি—রবীন্দ্রনাথ সম্বন্ধে ছেলেদের জ্ঞান অতি সামান্য। রবীন্দ্র নাথের অসাধারণ প্রতিভা ক্বচিৎ কোন দেশে জন্মে। একদিন ইটালীর কবি দান্তে সম্বন্ধে বলা হইয়াছিল—They (Italians) talked Dante, and dreamed Dante—(লোক মুখে দান্তের কথা—তাহারা স্বপ্নে দেখে দান্তে।) আজ রবীন্দ্রনাথ সম্বন্ধেও আমাদের তাহা করা কর্ত্তব্য। ইংলণ্ডের মন্ত্রী রামজে মেকডোনাল্ড তাঁহার সম্বন্ধে যাহা বলিয়াছেন তাহা অক্ষরে অক্ষরে সত্য—

"রবীন্দ্রনাথের কাব্য—সেই ত ভারতবর্ষ। সে ত ব্যক্তি বিশেষের আবেগ নয়—একটা সমগ্র জাতির আত্মা"। বাংলা সাহিত্যের ললাটে গণতন্ত্রের জয়মাল্য পরাইয়াছেন যিনি, এই গণতান্ত্রিক যুগে তাঁহার সাহিত্যকে নূতন দৃষ্টি দিয়া অধ্যয়ন করিবার দিন আসিয়াছে। বঙ্গদেশের জনসাধারণের সঙ্গে পরিচিত হইতে হইলে তাঁহার 'গল্পগুচ্ছ' ও উপন্যাস ভাল করিয়া পড়িবার একান্ত প্রয়োজন। যাহাতে চাঁদপুরের সমস্ত স্কুলে রবীন্দ্র সাহিত্যের আলোচনার সুব্যবস্থা হয়, "রবীন্দ্র-প্রতিভা" নামে এক সভা প্রত্যেক স্কুলে হয়, ইহা বাঞ্ছনীয়। মাসে একবার করিয়া কবির বিশেষ কোন সৃষ্টির আলোচনা হইতে পারে এবং বার্ষিক সভাও হইতে পারে।

সর্ব্বসাধারণ আমাদিগকে কঠোর সমালোচনা করেন। কারণ জাতিগঠনের ভার

আমাদের উপর। ভিকটার হুগো বলিয়াছেন—(Future of mankind is in the hands of Schoolmasters) মানব জাতির ভবিষ্যৎ স্কুল মাষ্টারের হাতে। সমালোচনার মূল্য আছে। তাতে আমাদের কর্ত্তব্যবুদ্ধি জাগ্রত হয়। আমার অভিজ্ঞতা হইতে বলিতে পারি—শ্রেণীতে যত ছাত্র আছে তাহাদের সম্যক পরিচয় লাভ করুন। যেখানে পরিচয়ের অভাব, সেই খানেই অন্ধকার। যে ছাত্র সম্বন্ধে অল্পই জানি অথবা কিছুই জানি না, সে ছাত্রের মঙ্গল আমার দ্বারা হইতে পারে না, ইহা ধ্রুব সত্য। ছাত্র সম্বন্ধে নিম্ন লিখিত দ্বাদশটী ভাগে বিবরণ সংগ্রহ করুণ। দেখিবেন ছাত্রের চরিত্রগত ত্রুটি আপনার নিকট ধরা দিবে :—

১। পরিচ্ছন্নতা আছে কি নাই। ২। উচ্চারণ ভাল কি মন্দ। ৩। অলস কি চট্‌পটে। ৪। ভীরু কি সাহসী। ৫। সত্যবাদী কি মিথ্যাবাদী। ৬। স্বার্থপরতা আছে কি নাই। ৭। পরের অনিষ্ট করিতে চায় কি চায় না। ৮। ইতর প্রাণীর প্রতি ব্যবহার ভাল কি মন্দ। ৯। উচ্চাশা আছে কি নাই। ১০। দলপতি হইতে চায় কি চায় না। ১১। পাঠ্য তালিকায় কোন্ বিষয়ে ভাল। ১২। মন্তব্য (পর্য্যবেক্ষণের পর)

ছেলেদের খসড়া বই—Rough Bookই হইল উহাদের কোষ্ঠী। ছেলেকে কিছু জিজ্ঞাসা না করিয়াও কেবল মাত্র খসড়া বই দেখিলেই আপনাদের ধারণা হইবে সে ছেলেটী কি রকম। সপ্তাহে যতবার পারেন Rough Book পরীক্ষা করুণ। স্কুলে আসিয়া ছেলে কিছু করে কি না তাহার Rough Book ই প্রমাণ।

শিক্ষকের সাধনা চাই। রামতনু লাহিড়ী, শিবনাথ শাস্ত্রী. অশ্বিনী কুমার দত্ত, জগদীশ মুখার্জ্জির যে সাধনা ছিল তাহা কি বঙ্গ দেশে ব্যর্থ হইবে? অবিচলিত নিষ্ঠার সহিত যিনি কর্ত্তব্য করিতে পারেন না তাহার পক্ষে শিক্ষক হওয়া ভুল। বিত্ত সঞ্চয়ের দিকে মন দিলে, ঘোরতর সংসারী হইলে, শিক্ষক ধর্ম্মচ্যুত হন। দেশে এমন লোকের অভাব নাই, যাহারা এই রীতিতে শিক্ষকের যোগ্যতা বিচার করেন। বুদ্ধিমান ছাত্রেরাও ঐ দলে। কারণ তাহারা শিক্ষকের কর্ম্মের ত্রুটী বুঝে। বঙ্গদেশের নিঃস্বার্থ বিদ্যাদান হইতেছে চতুষ্পাঠীতে। বাঙ্গালীরা কোন দিন তাহা ভুলিতে পারিবে কি?

শিক্ষার সার্থকতা শিক্ষকের সাধারণ বুদ্ধির উপর। ট্রেইণ্ড্ শিক্ষক নহেন এমন কতজন এইরূপ প্রকৃষ্টভাবে অধ্যাপনা করেন, যে তাহা দেখিলে অবাক হইতে হয়। কাজে সম্যক মন লাগান চাই, বুদ্ধি চাই, নতুবা কোন কাজ হয় না। ইহা মনে রাখিতে হইবে কেহ কেহ আজন্ম শিক্ষক—নিজের অন্তর্নিহিত সামর্থ্যেই শিক্ষক—কাহারও দ্বারা শিক্ষিত নহে—যেমন সুর-শিল্পী দিলীপ কুমার এবং তিমির বরণ।

আমার মত এই, ট্রেইণ্ড্ শিক্ষকবর্গ বিলাতি ধরণেই শিক্ষা প্রাপ্ত হন। ট্রেইনিং কলেজে এমন শিক্ষা পান তাহা ভাল পোষাকের মত সুটকেশেই থাকে—ব্যবহার করিবার ক্ষেত্র পান না। নিজের বুদ্ধির দ্বারা বিলাতি ধরণ দেশীয় করিয়া লইতে হইবে।

অনেকে তাহা পারেন না—তাহা আমি ব্যক্তিগত অভিজ্ঞতা হইতে বলিতে পারি। আমার বিশ্বাস বঙ্গদেশের ভাব ধারার সহিত ঐ টেক্‌নিক্ শিক্ষা খাপ্ খায় না। হয়ত বা ডিরেক্ট মেথড্ (Direct method of teaching) যেমন বঙ্গদেশে কার্য্যকরী হয় নাই, এরও দশা প্রায় তদ্রূপ হইবে কালে।

আপনারা কখনও পাটোয়ারী বুদ্ধিতে, সাম্প্রদায়িক বুদ্ধিতে এবং ব্যবসায় বুদ্ধিতে স্কুল চালাইবেন না। কারণ তাহার ফল বিষময়। আধুনিক ছাত্রদের শিক্ষা দ্বারা মানুষ করিতে হইলে নূতন কল্পনা ও বুদ্ধির প্রয়োজন। দেশের, জগতের পারিপার্শ্বিক অবস্থা পর্য্যালোচনা করিতে হইবে। আমি বিশ্বাস করি আপনাদের সে গুণ আছে। চাকরির প্রতি ছেলেদের তীব্র ঘৃণা জন্মাইয়া দিবেন। দেশে একটি শিল্প সঞ্চালন (Industrial movement) আসিতেছে। সহরগুলিতে যেখানে ইলেকট্রি-সিটি আছে সেখানে পূর্ব্বেই উহা আরম্ভ হইয়াছে ক্রমে বর্দ্ধিষ্ণু গ্রামেও হইবে। গোমতী ও ডাকাতিয়া নদীর স্রোত হইতে ইলেক্‌ট্রিসিটির উৎপাদন গবর্ণমেণ্টের কল্পনা আছে। দেশের সুদিন আসিল প্রায়। যখন স্রোত আসিবে, তখন সঙ্গে সঙ্গে সমাজের গঠনও বদ্‌লাইবে। দেশ নূতন আলোকে নূতন নূতন রূপ ধারণ করিবে। বয়স্কেরা অবাক হইয়া দেখিবেন আগে যাহা ছিল, এখন তাহা নাই। যুবকেরা দেখিবে আশার বাণী—যদি শক্তি সঞ্চয় করিয়া শিল্পে স্থান করিয়া লইতে পারে।



গ্রীসের দ্বীপালী

(২)

শ্রীহেমচন্দ্র সেন

বিক্রমপুরী উপসী তারাপ্রসন্ন উচ্চ ইংরাজি বিদ্যালয়, ফরিদপুর।

(৭)

সাজে কি মোদের অশ্রু কেবল
স্মরিয়া প্রাচীন কীর্ত্তি-নিচয়?
লাজ-রক্তিমা শুধু কি উচিত
পিতৃগণ যেথা ঢালিলা শোণিত?
দাও ধরা! ফিরে, দাও বুক চিরে
'স্পার্টার' মৃত বীর কতিপয়;
ত্রিশতের দাও তিনটি কেবল,
আবার রচিব, যুঝিয়া প্রবল,
'থার্ম্মোপাইলি' মৃত্যুঞ্জয়।

(৮)

একি? নাই সাড়া? নীরব সকলে?
না—না—ঐ শোন গর্জ্জন,—
মৃত বীরদের কণ্ঠস্বর—
গরজে যেন রে দূর নির্ঝর!
"একটি জীবিত," এলো উত্তর,
"একটি কেবল উঠুক এখন;
আসিব আমরা, আসিব সকল।"
হায় রে, যাহারা জীবিত, কেবল
তা'রাই রহিল মূকের মতন!

(৯)

বৃথা এ' যত্ন, বৃথা এ' প্রয়াস ;
বাজায়ে দেখিব ভিন্ন রাগিণী,—
ভরলো পেয়ালা কানায় কানায়
'সেমোস্'-দ্বীপের সেরা মদিরায় ;
করুক যুদ্ধ গোষ্ঠীসুদ্ধ
তুর্কী সেনানী ; মোদের বাহিনী—
ঢালুক 'শিয়ো'র দ্রাক্ষা-রুধির !—
হীন ডাকে প্রতি মদ্যপ-বীর
শোন, দিল সাড়া, "আসি রে এখনি।"

(১০)

'পিরীখ্'-নৃত্য নাচিছ এখনো ;
কোথায় 'পিরীখ্'-ব্যূহসন্ধান ?
দু'টি বিজ্ঞানে লভিলে দীক্ষা,
কেমনে ভুলিলে সমর-শিক্ষা ?—
উভয়ের মাঝে বীরের সমাজে
যা'তে পৌরুষ, যেইটি মহান্ ?
'ক্যাডমাস্' দিলা অক্ষর-জ্ঞান ;
ভাব কি তাঁহার ছিল অবদান
দাসের হস্তে হ'তে অপমান ?

(১১)

ভরলো পেয়ালা 'সেমোসী' সুরায় !
কীর্ত্তি-কাহিনী শুনিব না আর,—
সুরার প্রসাদে 'এনাক্রিয়ান্'
গাহিলা গীতি যে অমিয়-সমান !

ছিলা কবি দাস, কিন্তু সে দাস
'পলিক্রাটিসে'র,—অতি দুর্ব্বার-
স্বৈরী নৃপতি; তবুও তখন
গণতন্ত্রারি বীর প্রভুগণ
ছিল সন্তান গ্রীস্-মাতৃকার!

(১২)

'খারসোনিজে'র স্বৈরী নরেশ
ছিলা মুক্তির অমোঘ বর্ম্ম;
স্বাধীনতা-ধন রক্ষা করিতে
তা'র বাড়া শূর কে ছিল যুঝিতে?
স্বৈরী পরম সে অরিন্দম,—
মিল্‌টিয়াডিস্; জানিনা কর্ম্ম,—
পাই যদি আজ হেন বীর গ্রীক্;
পরিব পুলকে, বহিব সঠিক
শৃঙ্খল তাঁ'র, পাদুকা-চর্ম্ম।

(১৩)

ভরলো পেয়ালা 'সেমোসী' সুরায়!
'পার্গা'র তীরে, 'সুলি'র ভূধরে
এখনো বাঁচিয়া উন্নত-শির
বংশধরেরা বীরের জাতির;—
যেই শূরদের 'স্পার্টা'দেশের
জননী গর্ব্বে ধরিত উদরে!
আছে সেথা হেন ক্ষত্রিয়-বীজ
সগোত্র বলি' 'হার্‌কিউলিজ'—
বংশ যাদের বরিত সাদরে!

(১৪)

ফরাসীদিগের নাহি বিশ্বাস,
স্বাধীনতা তরে বৃথা নির্ভর ;—
রাজা লুই জানে কিনিতে, বেচিতে ;
দেশের সেনায়, দেশের অসিতে
শক্তির আশা, মুক্তি-ভরসা
বিরাজে কেবল বাঁধিলে সমর।
তুর্কী-শক্তি, ফরাসী ছলনা
চূর্ণ করিবে মুক্তিসাধনা—
বর্ম্মফলক বিপুল, প্রখর।

(১৫)

ভরলো পেয়ালা কাণায় কাণায়
'সেমোস্'-দ্বীপের সেরা মদিরায়!
তরুণীরা নাচে কুঞ্জে কুঞ্জে ;
বিজলী, কৃষ্ণ-নয়নপুঞ্জে ;
কিন্তু নেহারি প্রতিটি কুমারী
শ্রান্তি-দীপ্ত নৃত্য-কলায়,
তপ্ত-অশ্রু তিতায় নয়ন
ভাবিতে,—দাসেরা ধরিবে জীবন
হেন জননীর স্তন্য-ধারায়!

(১৬)

রাখ 'সুনিয়ামে' মর্ম্মর-ময়
তুঙ্গ-বেলায় আসন আমার ;
সেখানে বিরলে আমি ও সাগর
শুনিব দোঁহার, ভরি' অন্তর,
করুণ রাগিণী, মর্ম্ম-কাহিনী ;
সেখানে বসিয়া গাহি' অনিবার
মরালের মত ত্যজিব জীবন।
গোলামের দেশ মোর না কখন!
দূর হ পেয়ালা 'সেমোসী' সুরার।

রবীন্দ্র সাহিত্যে বর্ষাকাব্যের তত্ত্ব

শ্রীনরেশ চন্দ্র ভট্টাচার্য্য, বি. এ.

রাউজান আর. আর. এ. সি. ইন্সটিটিউশন্, চট্টগ্রাম।

রবীন্দ্র সাহিত্যে বর্ষাকাব্য এক অফুরন্ত রসের ভাণ্ডার। বর্ষা ঋতুর অনির্বচনীয় সৌন্দর্য্য—তার অপরূপ বর্ণবিকাশ কবিমনকে সবলে আকর্ষণ করিয়াছে সত্য, কিন্তু বর্ষার বহিঃসৌন্দর্য্য বর্ণনেই কবিচিত্তের পরিতৃপ্তি সাধিত হয় নাই; এর বৈচিত্রপূর্ণ রূপ-বর্ণনের মধ্য দিয়া যে একটি চিরন্তন সহজ তত্ত্ব শতচ্ছন্দে রূপায়িত হইয়া উঠিয়াছে— তাহা যেমন অপূর্ব্ব, তেমনই বিস্ময়াবহ। বাংলা সাহিত্যে তাহা এক অপূর্ব্ব সৃষ্টি—বিশ্ব সাহিত্যে তার জুড়ি পাওয়া যায় কি না সন্দেহ। বর্ষার সহজ বর্ণনার ভিতর দিয়া যে তত্ত্বটা বিকাশলাভ করিয়াছে—তাহার স্বরূপ উদ্ঘাটনের চেষ্টা আমরা করিব না—শুধু বর্ষার সৌন্দর্য্য-পাগল, কবিমনের গহন পথরেখা ধরিয়া যতটুকু পারি অগ্রসর হওয়ার চেষ্টা পাইব—হয়ত বা এই অপরূপ তত্ত্বের আভাষ মিলিতেও পারে।

মানুষের মনে বর্ষার প্রভাব এক চিরন্তন সত্য। বর্ষার অবিরল ঝুম্ ঝুম্ টুপ্ টুপ্ ঝুপ্ ঝুপ্ গান মানুষের অন্তর-নিহিত কবিমনটাকে জাগাইয়া তুলে—তাই ত বর্ষার অভিনব ছন্দে গানে কবি বচনমুখর হইয়া উঠেন—তাঁহার নীরব বীণা সুরের ঝঙ্কারে প্রাণবন্ত হইয়া উঠে। বিশ্বসঙ্গীতের সুর কবিবীণায় নিপুণ অঙ্গুলিপাতে রূপায়িত হইয়া উঠে। 'আষাঢ়স্য প্রথম দিবসে' বর্ষার নবমেঘোদয়ে আত্মহারা কবিমন ময়ূরের মত আনন্দে নাচিয়া উঠে—

হৃদয় আমার নাচে রে আজিকে
ময়ূরের মত নাচে রে
হৃদয় নাচে রে।
শতবরণের ভাব উচ্ছ্বাস
কলাপের মত করেছে বিকাশ
আকুল পরাণ আকাশে চাহিয়া
উল্লাসে কারে যাচে রে॥

অবিশ্রান্ত বৃষ্টি পতনের মাঝে বর্ষার এক নবীন ছন্দ জাগিতে আরম্ভ করে। ছন্দময়ী বর্ষানটীর নৃত্যপরা নূপুরের ঝুম্ ঝুম্ তালে, অন্ধকার করা নবীন মেঘের প্লাবন-বন্যায়, কবিমনের রুদ্ধ উৎসধারা স্বতই খুলিয়া যায়, কবিমন ময়ূরের মত কেকাধ্বনি করিয়া

শত ছন্দে, সহস্র পাখায়, নাচিয়া উঠে। কবির চোখে নিখিল-বিশ্ব স্নিগ্ধ সজলমেঘের রংএ নীলাভ হইয়া উঠে—

নয়নে আমার সজল মেঘের
নীল অঞ্জন লেগেছে
নয়নে লেগেছে ॥

তারপর বর্ষার ঢল জোরে বিশ্বের শ্যামল বুকে নামিয়া আসে, 'জলে ভরভর আউষের ক্ষেত' পার হইয়া, নদীর দুকুল ছাপাইয়া, খাল-বিল-মাঠ জলে একাকার করিয়া, ঘোলাটে জলের বন্যা বুকে লইয়া তরঙ্গের পর তরঙ্গ তুলিয়া—বর্ষা ধীরে ধীরে গ্রামের পথে পা বাড়াইয়া দিল, শিশু তরঙ্গগুলি এ উহার গায়ে আনন্দে ভাঙ্গিয়া পড়িতে লাগিল। চারিদিকে জলের খেলা—কবির মনে কী আনন্দ!

ঝরে ঘনধারা নব পল্লবে
কাঁপিছে কানন ঝিল্লীর রবে
তীর ছাপি নদী কল-কল্লোলে,
এল পল্লীর কাছেরে
হৃদয় আমার নাচেরে আজিকে
ময়ূরের মত নাচেরে ॥ নববর্ষা।

এখন হইতে ঋতুর নাটকে, বর্ষার অভিনয় সুরু হইতে চলিল। গুরু গুরু মেঘের গরজনে, বাদল ধারার তালে তালে, নবীন ধানের দোলন নৃত্যে, দাদুরীর সঘন চিৎকার গানে, তড়িত শিখার চকিত আলোকে বর্ষার আসর জমিয়া উঠিল—

গুরু গুরু মেঘ গুমরি' গুমরি'
গরজে গগনে গগনে,
ধেয়ে চলে আসে বাদলের ধারা
নবীন ধান্য দুলে দুলে সারা
কুলায়ে কাঁপিছে কাতর কপোত
দাদুরী ডাকিছে সঘনে—নববর্ষা।

শ্যামাঙ্গী বর্ষাসুন্দরী তার উপচার লইয়া আমাদের দুয়ারে উপনীত। তারই বার্তা আকাশ বাতাস মথিত করিয়া ধ্বনিত হইতেছে। বনবনানী তারই আলাপে মাতিয়া উঠিয়াছে। জলভরা হাওয়া কী গোপন বার্তা বহিয়া চলিয়াছে—আর শ্যামল অরণ্য—

গুরু গুরু গর্জনে নীল অরণ্য শিহরে
উতলা কলাপী কেকা কলরবে শিহরে
নিখিল চিত্ত হরষা
ঘন গৌরবে আসিছে মত্ত বরষা।

চারিদিকে আশার বাণী ছড়াইয়া পড়িয়াছে। রৌদ্রক্লিষ্ট বিরহী ধরণীও যে শেষ তপ্ত নিশ্বাস ত্যাগ করিয়া আশায় বুক বাঁধিয়া বসিয়া আছে কখন তাহার সারা অঙ্গে স্নিগ্ধ শীতল করুণা বারি ঝরিয়া পড়িবে—

ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে
ঘন গৌরবে নব যৌবনা বরষা
শ্যাম গম্ভীর সরসা—নববর্ষা।

তারপর কখন ঝড়ের মেঘে আকাশ অন্ধকার হইয়া উঠিয়াছে। বিদ্যুৎ চমকানির সঙ্গে সঙ্গে, কবি মনের আনন্দ স্রোতে এক অব্যক্ত অনুভূতিময় ব্যথার তুফান জাগিয়া উঠিয়াছে।

ঐ যে ঝড়ে মেঘের কোলে
বৃষ্টি আসে মুক্ত কেশে
পরাণখানি দোলে,
একলা দিনের বুকের ভিতর
ব্যথার তুফান তোলে।

কবির মনে হঠাতের এ ব্যথার তল খুঁজিয়া পাওয়া যায় না। বিজ্ঞানের মানদণ্ড দিয়া এর চুলচেরা বিচার হয় না। মস্তিষ্ক দিয়া একে বুঝা চলে না—হৃদয় দিয়া একে শুধু অনুভব করা চলে। ভরা বাদলে মনের ভিতর কেন এ ব্যথা জাগে তাহার কারণ নির্দ্দেশ করা শক্ত—তবে এটা সত্য যে এ ব্যথা প্রতি মানুষের মনেই জাগে। কবির মনোদর্পনে এর সুস্পষ্ট ছায়া পড়ে। কবে কোন আষাঢ়ের প্রথম প্রভাতে, নব মেঘ দর্শনে কালিদাসের মনেও এ ব্যথা জাগিয়াছিল—'মেঘালোকে ভবতি সুখিতোঽপ্যন্যথাবৃত্তি চেতঃ'। বিদ্যাপতিও এ ব্যথার ছোঁয়াকে এড়াইতে পারেন নাই—

এ মহা ভাদর মাহ বাদর
শূণ্য মন্দির মোর—

মনে হয় কবি হৃদয়ের ব্যথার মূলে রহিয়াছে—অনন্ত বিরহের অনুভূতি সর্বব্যাপী বর্ষার নিবিড়তার মাঝে এই নিত্য বিরহ তীব্র হইয়া জাগিয়া উঠে। নিখিলের অজস্র স্রোতে পরিব্যাপ্ত মন বর্ষার নিবিড় বিরহের মাঝে সহজ বিরহের ভাবটাকে ফিরিয়া পায়। তাই অকস্মাৎ এই যে অব্যক্ত ব্যথার আভাষ, এই যে অজানা বেদনার স্নিগ্ধ ছোঁয়া লাগা, তাহাই যুগে যুগে কবিদলকে পাগল করিয়া তুলিয়াছে—

শতেক যুগের কবিদলে মিলি আকাশে
ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে,

শতেক যুগের গীতিকা।
শত শত বন মুখরিত বন বীথিকা॥

এই ব্যথার ছোয়া কবির মনে এক অভিনব অভিব্যক্তির সূচনা করিয়াছে, কবির হৃদয়াকাশে আলোছায়ার এক অপূর্ব পটপরিবর্তনের পালা সুরু হইয়াছে। বিরহের স্পর্শে উন্মনা কবি কখন ছুটিয়া চলিয়াছেন একাকিনী কোন বিরহিনীর উদ্দেশ্যে, মেঘের সঙ্গে অনন্তের পথে—আবার কখন নিরালা গৃহকোণে আপন প্রিয়ার নিকট নির্ভাবনায় আপনাকে ছাড়িয়া দিয়াছেন। 'সীমার মাঝে অসীমের' সন্ধানের বর্ণবিকাশ কবির মনে আরম্ভ হইয়া গিয়াছে। অনেক বন্ধ ও দ্বন্দ্বই যেন চোখের পলকে অপসারিত হইয়া যাইতেছে। 'যে কথা এ জীবনে রহিয়া গেল মনে' তাহাও বুঝি আজ প্রাণের জনের উদ্দেশ্যে নিবেদন করা যায়—

এমন দিনে তারে বলা যায়
এমন ঘন ঘোর বরিষায়
এমন মেঘ স্বরে, বাদল ঝর ঝরে,
তপনহীন ঘন তমসায়।　　বর্ষার দিনে।

মনের অনেকখানি মিথ্যা মোহই আজ ঘুচিয়া গিয়াছে। প্রকৃত মিলনের পথে যে অসংখ্য বাধাবন্ধ ছিল—সমাজের শাসন, জীবনের কোলাহল, সব আজ বাদল বরিষণে ডুবিয়া গিয়াছে। আছে শুধু—

কেবল আঁখি দিয়ে　　আঁখির সুধা পিয়ে
হৃদয় দিয়ে হৃদি অনুভব,
আঁধারে মিশে গেছে আর সব।　　বর্ষার দিনে।

তাই বুঝি, বিরহবিধুর, মিলন প্রয়াসী উন্মুখ কবি মন ছুটিয়া চলিয়াছে যেথায় বিরহিনী প্রিয়া—

কুঞ্জকুটীরে অয়ি ভাবাকুল লোচনা,
ভূর্জপাতায় নব গীত কর রচনা
মেঘমল্লার রাগিণী—বর্ষামঙ্গল।

কবি মন মিলনের আশায় ব্যাকুল। কিন্তু মিলনের যে মেঘমল্লার রচনায় তিনি তাঁর বিরহিনী প্রিয়াকে আবাহন করিয়াছেন সে মেঘ মল্লার কোথায়? কোথায় আজ নব গীত রচনা? বিরহের আকাশ যে ক্রমে ঘন নীল হইয়া উঠিয়াছে। 'ঈশানের পুঞ্জীভূত অন্ধ মেঘ' সারা আকাশ ছাইয়া ফেলিতেছে, ছুটিয়া আসিতেছে যেন সারা বিশ্ব গ্রাস করিয়া ফেলিবে। বাহিরের জগৎ সেই প্রলয়ের বাত্যায় বিক্ষুভিত হইয়া উঠিয়াছে। কবির হৃদয় কোণেও সেই বহির্জগতের ঝড় বিরহবেদনার আকারে তাল পাকাইয়া তুলিতেছে। তাহার ব্যাকুল মন, ঝড়ের বেগে ছুটিয়াছে কোন কোথায়, না জানি কোন সুদূর 'জনহীন পথে ক্ষুব্ধ পবনে'

কোন অপরিচিতার সন্ধানে। তার এ বেদনা কিসের, তার এ প্রাণের আকুল আবেদন কার উদ্দেশ্যে কোথায় শেষ হইবে—

ঝর্ ঝর্ ঝরে জল, বিজলী হানে,
পবন মাতিছে বনে পাগল গানে
আমার পরাণ পুটে
কার কথা বেজে উঠে
হৃদয় কোনে। নববিরহ

কিন্তু কার তরে এই বেদনা? কিসের লাগি এ প্রাণের চাওয়া—তারই সন্ধানে, তিনি আপনাকে, সুদূর অতীতে বিদ্যুতের পাখায় করিয়া ভুবনময় পরিব্যাপ্ত করিয়া দিয়াছেন। নিরালা গৃহ কোন আজ বিশ্বের অনন্ত প্রান্তরে আসিয়া মিশিয়াছে। অতীত আজ বর্তমানের তীব্র আলোতে উজ্জ্বল হইয়া উঠিয়াছে—

বিদ্যুতের চমকানি লেগে
এ বক্ষ নাচিত তালে তালে,
উত্তরী উড়িত মম, উন্মুখ পাখার সম
মিশে যেত আকাশে পাতালে,
বিদ্যুতের চমকানি কালে।

কিন্তু আজ কবির মনে এ কি ভাব! তাঁব বক্ষস্পন্দন কোথায়? তাঁর আকুল চাওয়ার সন্ধান মিলিল কই? কবি আপনাকে আজ হারাইয়া ফেলিযাছেন, মন তাঁর আজ উদাসী। + + + + ···; 'ঝর্ ঝর্ ধারে ঝরিছে নিচোল' বনবনানী মথিত করিয়া, গাছপালা ডুবাইয়া সমস্ত বিশ্বে এক ক্রন্দনের সুর জাগিয়া উঠিতেছে—

কখন প্রহর গেছে বাজি
কোন কাজ নাহি আজি
ঘরে আসে নাই কেহ, সারাদিন শূন্য গেহ
বিলাপ করিছে তরুরাজি—ঝড়ের দিনে।

কবি আজ কিসের ধ্যানে তন্ময়। কখন প্রহর বাজিয়া গিয়াছে সে খেয়াল তাঁহার নাই। কেহ কি কেহ আসে নাই? তাই তিনি শুধাইতেছেন—

স্নিগ্ধ সজল মেঘ কজ্জল দিবসে
বিবশ প্রহর অঙ্গ অলস আবেশে
শশীতারা হীন অন্ধ তামসী যামিনী
কোথা তোরা পুর কামিনী— বর্ষামঙ্গল

'আকাশ আঁধার হল বেলা বেশী নাই' নীল নবঘনে আষাঢ় গগনে আর তিল ধারণের

ঠাঁই নাই। দিনের শেষে খেয়া পারও বন্ধ হইয়া আসিল। অই বুঝি কোন পথিকের শঙ্কাকুল কাতর আহ্বান শোনা যায়—

অই শোন তাই পারে যাবে বলে
কে ডাকিছে বুঝি মাঝিরে
খেয়া পারাপার বন্ধ হয়েছে আজিরে।

কিন্তু কই? তার আগমন কোথায়? অব্যক্ত ক্রন্দনের ঢেউ কবির কণ্ঠ পর্য্যন্ত ছাপাইয়া উঠিয়াছে। কণ্ঠে এ কী আর্ত্তস্বর—'খেয়া পারাপার বন্ধ হয়েছে আজিরে'। কিন্তু কই? চারিদিক ভরিয়া শুধু এক অনন্ত জিজ্ঞাসা—"সে কোথায়? সে কোথায়?"

বিশ্বের বুকে বর্ষার দুর্দ্দিন নামিয়া আসিল। দূর আকাশের কোনে প্রলয়ের মেঘ ঘন হইয়া উঠিতেছে। আর সময় নাই। ছুটিতে হইবে, অনন্ত অজানার পথে, নিত্য দিনের চাওয়া প্রাণবল্লভ সন্ধানে—দূরে-দূরে-বহুদূরে। কিন্তু তিনি কেমন করিয়া পথ চলিবেন—মনের কোনে বুঝি এখনও একটু শঙ্কা রহিয়া গিয়াছে—পথের সন্ধান বুঝি এখনও মিলে নাই—

কেমনে চলিব পথ চিনে,
আজি এই দুরন্ত দুর্দ্দিনে—

কিন্তু এই অজানা পথেই তার সন্ধান মিলিতে পারে। এই ঝড়ের দুর্দ্দিনে, এই ঘনঘোর অকাল সন্ধ্যার আধারে আকাশের বুক চিরিয়া বিদ্যুৎ তাহার পথ দেখাইয়া দিবে। প্রলয় ঝঞ্ঝা বাজিয়া উঠিয়াছে। মুহূর্ত্তের পূর্বের সোনালী আভাময় মেঘ কাকডিম্ব নীল হইয়া গিয়াছে। পথের ভীষণ ছবি তাঁহার সামনে ফুটিয়া উঠিয়াছে। কিন্তু তিনি এখন আর তাহাতে ভীত নন। প্রাণের মমতা আর তাঁর নাই। তিনি সবই সহ্য করিতে প্রস্তুত। ব্যথাকেই তিনি নিবিড় করিয়া ধরিলেন—

দেখিছনা ওগো সাহসিকা,
ঝিকিমিকি বিদ্যুতের শিখা;
মনে ভেবে দেখ তবে　　এ ঝড়ে কি বাধা রবে
করবী শেফালি মালিকা
ভেবে দেখ ওগো সাহসিকা।

কবির পশ্চাতে আজ পড়িয়া রহিল, 'ছিন্ন মালার ভ্রষ্টকুসুম। সম্মুখে জাগিয়া উঠিয়াছে দুর্দ্দিনের আকুল ঝঞ্ঝা; কিন্তু মনে তাঁর আর ভয়ের লেশমাত্রও নাই। তিনি আজ সাহসিক। ঝড়, ঝঞ্ঝা, বজ্রপাতে অন্তরের প্রদীপখানি জ্বালাইয়া তিনি চলিয়াছেন দুর্গমপথে,—দুনিবার আগ্রহে। 'মৃত্যুর গর্জন লাগিতেছে তার কাছে সঙ্গীতের মত' অই, কালমেঘের পাতায় বিদ্যুত কি লিখিতেছে আর মুছিয়া ফেলিতেছে। 'উড্ডীন পিঙ্গল

'জটাজাল' মেলিয়া, প্রলয় ঝঞ্ঝা শেফালির পেলব মালা ছিঁড়িয়া, মুছিয়া উড়াইয়া ফেলিয়া দিক্, কবি আজ প্রস্তুত—

আজিকার এমন ঝঞ্ঝায়
নূপুর বাধে কি কেহ পায় !

ঝড় ঝঞ্ঝা বজ্রপাত তুচ্ছ করিয়া, সংসারের সমস্ত ক্ষুদ্রতা সকল মোহবন্ধন ছিন্ন করিয়া প্রাণের অসীম আকুলতায়—অনন্ত আগ্রহে, কবির মন যখন বিরহের সপ্তস্বর্গে—তখনই ভক্ত কবির হৃদয়-মন্দিরে ভগবানের আবির্ভাব হইল। এইখানেই বর্ষাকাব্যের অপরূপ তত্ত্ব সুন্দরভাবে উদ্ঘাটিত হইয়া উঠিল। + + + + + কোন বসন্ত ফাল্গুনে কবি তাঁর ভরসায় বসিয়াছিলেন। কিন্তু তখন তাঁর আবির্ভাব সম্ভব হয় নাই। ফাল্গুনের আবাহনে ছিল অপূর্ণতা, তাহাতে ছিল কামনার তীব্র স্পর্শ, ভক্তিহীন প্রেমের প্রাচুর্য্য তাই তাঁর আবির্ভাব হয় নাই। কিন্তু বর্ষার নিবিড়তার মাঝে, বর্ষার অখণ্ড পরিপূর্ণতার মাঝে, বিরহের কঠোর সাধনায় যখন ভক্ত কবির প্রেম, ভক্তিরূপে ফুটিয়া উঠিল, তখনই—সেই 'ঘন বরিষার' মাঝে নিত্য দিনের চাওয়ার সন্ধান মিলিল—

বহুদিন হল কোন ফাল্গুনে
ছিনু আমি তব ভরসায়
এলে তুমি নব বরষায়।

এই দীর্ঘ বিরহ সাধনার অবসানে, কবির অন্তর আজ ব্রহ্মানন্দে ভরপুর। আজ তাঁর দুঃখ নিশা ঘুচিয়া গিয়াছে। এক প্রেমে আজ তাঁর জীবনের সর্ব প্রেম-তৃষা তৃপ্ত হইয়াছে। নিঃশেষে আজ তিনি আপনাকে পদপ্রান্তে বিলাইয়া দিয়াছেন—

আজি উত্তাল তুমুল ছন্দে
নবঘন বিপুল মন্দ্রে
আমার পরাণে যে গান বাজাবে
সে গান তোমার কর সায়।



———

স্কুল গ্রন্থাগার*

শ্রীবটকৃষ্ণ বন্দোপাধ্যায়, বি. এল., এফ. আর. ই. এস. (লণ্ডন)

সার্টিফিকেট : লাইব্রেরী সায়েন্স ; টিচার্স-ট্রেনিং ; জিওগ্রাফি

গ্রন্থাগার বিজ্ঞানের খুঁটিনাটি সম্বন্ধে আলোচনা করা এই সংক্ষিপ্ত অভিভাষণের উদ্দেশ্য হইতে পারে না, হওয়া উচিতও নহে। যেহেতু এই সম্মেলন গ্রন্থাগারিকের সম্মেলন নহে, কেবল মাত্র স্কুল গ্রন্থাগারের উন্নতিমূলক কয়েকটী বিষয় বিবৃত করিব। আমাদের মধ্যে গ্রন্থাগার সম্বন্ধে বিশেষতঃ স্কুল গ্রন্থাগার সম্বন্ধে অনেকেরই ধারণা বিশেষ অস্পষ্ট। বোধ হয় আমরা সকলেই জানি যে অনেকগুলি পুস্তক একত্রিত হইলেই একটী গ্রন্থাগার বা লাইব্রেরী হয় না। প্রকৃত গ্রন্থাগার বা লাইব্রেরী বলিতে অনেক কিছু বুঝায়, তবে সকল বিষয়ের ন্যায় এ বিষয়ও দেশ-কাল-পাত্রের উপর নির্ভর করিয়া ব্যবস্থা করা যুক্তিযুক্ত। বর্ত্তমান যুগে ইউরোপ, আমেরিকা প্রভৃতি স্থানে যে শ্রেণীর গ্রন্থাগার আছে এবং সকল স্থানের বিদ্যালয়সমূহেও যে প্রণালীতে গ্রন্থাগার পরিচালনা করা হয় তাহা আমাদের দেশে একেবারে বিরল।

বর্ত্তমানে আমাদের দেশে স্কুলে গ্রন্থাগার পরিচালনার জন্য গ্রন্থাগার বিজ্ঞানে বিশেষ-ভাবে শিক্ষাপ্রাপ্ত ব্যক্তি নাই বলিলেই চলে। গ্রন্থাগার বিজ্ঞানে শিক্ষা দিবার ব্যবস্থাও এ দেশে বিশেষতঃ বাংলায় একেবারে নূতন বলিলেও অত্যুক্তি হয় না।

প্রতি এক বৎসর অন্তর মাত্র ২০টী ছাত্র লইয়া ছয় মাসব্যাপী একটী গ্রন্থাগারিক ট্রেনিং ক্লাশ কলিকাতাস্থ ভারত গবর্ণমেণ্টের Imperial Library কর্ত্তৃক পরিচালিত হয়। এই ট্রেনিং মাত্র দুইবার দেওয়া হইয়াছে এবং আগামী এপ্রিল মাস হইতে তৃতীয় বার আরম্ভ হইবে। ইতিমধ্যে ইহার ফি ৫০৲ হইতে ৭৫৲ টাকায় পরিণত করা হইয়াছে। এই নিয়মিত ট্রেনিংএর পূর্ব্বে দুই চার জনকে মধ্যে মধ্যে Imperial Libraryতে ট্রেনিং দেওয়া হইত। এই ট্রেনিং ক্লাশের ছাত্র সমগ্র ভারতবর্ষ হইতে সংগৃহিত হয় বলিয়া এবং অধিকন্তু যাহারা ইতিপূর্ব্বে লাইব্রেরীতে কার্য্য করিয়াছেন তাহাদের প্রবেশের দাবী অগ্রগণ্য হওয়ায় শিক্ষার প্রসারের দিক দিয়া ইহার উপকারিতা নগণ্য। তবে ভারত গবর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত হওয়ায় ইহাই ভারতবর্ষের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ট্রেনিং বলিয়া বিবেচিত হয়।

ভারতবর্ষের মধ্যে পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ই সর্ব্বপ্রথম গ্রন্থাগারিক শিক্ষার ব্যবস্থা করে। ইহাদের কোর্সটী নয় মাসব্যাপী ও একটী বিদেশীয় ভাষা শিক্ষা দিবার ব্যবস্থা আছে। তবে ইহাতে ঐ প্রদেশের ছাত্র ব্যতীত অন্য প্রদেশের ছাত্রের ভর্ত্তি

* হেতমপুর কন্‌ফারেন্সে পঠিত।

হওয়া কঠিন। অন্ধ্র বিশ্ববিদ্যালয়ে একটী ট্রেনিংএর ব্যবস্থা হইয়াছিল কিন্তু এখন উহা উঠিয়া গিয়াছে। মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ে একটী তিনমাসব্যাপী ট্রেনিংএর ব্যবস্থা ছিল। উহা এখন একবৎসরব্যাপীতে পরিণত করা হইয়াছে। কিছুদিন যাবৎ বোম্বাই বিশ্ববিদ্যালয়ও গ্রন্থাগারিক শিক্ষাকেন্দ্রের ব্যবস্থায় সচেষ্ট হইয়াছেন। এই সকল শিক্ষাকেন্দ্র ব্যতীত প্রাদেশিক গ্রন্থাগার সমিতি সমূহ সংক্ষিপ্ত শিক্ষা দিবার ব্যবস্থা করিয়াছেন।

গত তিন বৎসর যাবৎ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ কলিকাতা আশুতোষ কলেজে একটী একমাস ব্যাপী শিক্ষাকেন্দ্র প্রতি বৎসর যে মাসে পরিচালনা করেন। এ বৎসর উহা দেড় মাস ব্যাপী করা হইয়াছে এবং ফিও ১৫৲ করা হইয়াছে। কলিকাতা লাইব্রেরী এসোসিয়েশন ১৯৩৮ সালের জানুয়ারী মাসে Imperial Libraryতে একটী দুইমাস ব্যাপী গ্রন্থাগারিক শিক্ষার ব্যবস্থা করিয়াছিলেন এবং মাত্র ৫৲ টাকা ফী লওয়া হইয়াছিল এবং বিশিষ্ট গ্রন্থাগারিকগণদ্বারা ক্লাশ পরিচালনা করা হইয়াছিল। ১৯৩৯ সালের জন্য এখনও কোন সঠিক ব্যবস্থা হয় নাই।

গ্রন্থাগার বিজ্ঞানের মূল পুস্তকসমূহের দাম অত্যন্ত বেশী; বিশেষতঃ আমাদের গরীব দেশের পক্ষে কেবলমাত্র Dewey সাহেবের Decimal classification খানিই প্রায় ৪৫৲ টাকা মূল্য। ইহার ১৭. টাকা মূল্যের একটী সংক্ষিপ্ত সংস্করণ আছে। এই পুস্তকখানি প্রত্যেক স্কুল লাইব্রেরীর জন্য রাখা উচিত। কেবলমাত্র এই পুস্তকখানিতে গ্রন্থাগার বিজ্ঞানের বহু জ্ঞাতব্য বিষয় আছে। অধুনা বাংলাভাষায় কয়েকটী পুস্তক প্রকাশিত হইয়াছে। বর্ত্তমানে অধিকাংশ স্কুলেই গ্রন্থাগারিক শিক্ষা-প্রাপ্ত ব্যক্তি নাই ও শিক্ষাকেন্দ্রের অভাবও অত্যন্ত। এরূপস্থলে গ্রন্থাগার বিজ্ঞানের কতিপয় পুস্তক ক্রয় করতঃ যতটা সম্ভব প্রত্যেক স্কুলে অন্ততঃ দু'একজন শিক্ষকের আয়ত্ত করিতে ও কার্য্যে ব্যবহার করিতে চেষ্টা করা উচিত। উপযুক্ত ও বিশাল শিক্ষাকেন্দ্র থাকিলে বর্ত্তমানে যেরূপ স্কুলসমূহ হইতে বিশ্ববিদ্যালয়ের Teachers' Training Departmentএ ভূগোল বিজ্ঞান ও সাধারণ বিষয়সমূহ ও শিক্ষার জন্য যেরূপ শিক্ষকগণ প্রেরিত হইতেছেন তদ্রূপ হওয়া উচিত ছিল। যতদিন পর্য্যন্ত একত্রে অধিকসংখ্যক ব্যক্তিকে শিক্ষা দিবার ব্যবস্থা না হয় ততদিন প্রত্যেক জেলা হইতে District Teachers' Association মারফৎ কয়েকজন করিয়া শিক্ষক বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের ট্রেনিং ক্লাসে বা অন্যান্য কোন ট্রেনিং ক্লাসে প্রেরিত হওয়া উচিত। যাঁহারা শিক্ষাপ্রাপ্ত হইবেন তাঁহারা শিক্ষাপ্রাপ্তির পর বিভিন্ন স্কুলে অল্পদিন করিয়া থাকিয়া পুস্তকাদি Classify (শ্রেণীবিভাগ), Catalogue ইত্যাদি করতঃ প্রত্যেক স্কুলের ছাত্রসংখ্যা, শিক্ষক সংখ্যা ও আয়ের প্রতি দৃষ্টি রাখিয়া পুস্তক নির্ব্বাচনের একটী বিশিষ্ট প্রণালী বিধিবদ্ধ করিয়া দিতে পারেন। অল্প কয় বৎসর মধ্যে যখন বহুলোক গ্রন্থাগারিক বিজ্ঞানে শিক্ষাপ্রাপ্ত হইবেন তখন প্রত্যেক স্কুলে শিক্ষকগণের মধ্যে একজন করিয়া গ্রন্থাগারিক থাকিতে পারিবেন। গ্রন্থাগার-বিজ্ঞানে শিক্ষাপ্রাপ্ত গ্রন্থাগারিকের দ্বারা নিয়মিতভাবে কার্ড

Catalogue প্রস্তুত হইলে প্রত্যেক পুস্তকখানি নানাপ্রকার ছাত্রের ও শিক্ষকের নানা বিষয়ের জন্য ব্যবহারের উপযোগী হইবে। মনে করুন একখানি অর্থনীতির পুস্তকে Banking Currency, Politics, Scciology ইত্যাদি বিষয় আছে। উপযুক্ত Subject কার্ডের দ্বারা একখানি পুস্তকই নানালোকের নানাবিষয়ের উপযোগী হইয়া জ্ঞানান্বেষণের সহায় হইতে পারে। কিন্তু যদি কেবলমাত্র সাধারণভাবে পুস্তকের ফর্দ্দ রাখা হয় তাহা হইলে যিনি যে পুস্তক খুঁজিতেছেন কেবল মাত্র সেইখানি না পাইলেই তাঁহাকে তখনকার মত নিবৃত্ত হইতে হইবে। আমাদের দেশের স্কুল গ্রন্থাগার যত ক্ষুদ্রই হউক না কেন উপযুক্ত subject কার্ডের দ্বারা ইহার উপকারিতা অনেকাংশে বর্দ্ধিত করা যাইতে পারে। অধিকন্তু উপযুক্ত subject কার্ডের ব্যবহারে ছাত্রগণ অভ্যস্থ হইলে প্রবেশিকা পরীক্ষার পর তাহাদের উন্নততর ও পুস্তকবহুল গ্রন্থাগার ব্যবহার করা অনায়াস-সাধ্য হইয়া বিদ্যার্জ্জনের সহায়তা করিবে। পুস্তক নির্ব্বাচনে ও ক্রয় ব্যাপারে আপনাদের District Teachers' Association গুলি বিশেষ সাহায্য করিতে পারে। আমাদের দেশের মত গরীব দেশে ও অধিকাংশ স্কুলের আর্থিক অবস্থা যেরূপ শোচনীয়, তাহাতে অনেক reference পুস্তক স্কুলে ক্রয় না করিয়া মাত্র দু-একটি স্কুলে ক্রয় করতঃ District Teachers' Association মারফৎ আদান প্রদান করা চলিতে পারে। অবশ্য ঐরূপ করিতে হইলে District Teachers' Associationগুলিকে বিশেষ শক্তিশালী সঙ্ঘে পরিণত করিতে হইবে। যদি জেলার অন্তর্গত প্রত্যেক স্কুলই ইহার অন্তর্ভুক্ত হয় তবে এরূপ ব্যবস্থা করা আদৌ কঠিন নহে। এই বিষয়ে সর্ব্বাপেক্ষা গুরুতর সমস্যা হইতেছে যে অনেক স্কুলের কর্ত্তৃপক্ষগণের মধ্যে উপযুক্ত শিক্ষাব্রতী নাই। আপনাদের এই conference উপলক্ষে কার্য্য করিবার কালে একাধিক স্থলে আমার নিকট প্রশ্ন করা হইয়াছে যে স্কুলটি A. B. T. A.তে affiliate করিয়াই বা কি হইবে ও delegate পাঠাইয়াই বা কি হইবে? গণতন্ত্রের যুগে এপ্রকার প্রশ্ন বিশেষ সুবুদ্ধির পরিচায়ক নহে।

কলিকাতাস্থ A. B. T. A. যদি বিশেষ চেষ্টাদ্বারা সমস্ত স্কুলকে তাঁহাদের অধীনে আনিতে পারেন ও একখানি ছোট মটরকার সাহায্যে স্কুলসমূহের মধ্যে পুস্তক আদান প্রদানের ব্যবস্থা করিতে পারেন আমার বিশ্বাস তবে শিক্ষা প্রচারের বিশেষ সহায়তা করা হইবে। এক স্কুলে যে সমুদয় পুস্তক সকলের পঠিত বলিয়া অব্যবহার্য্য হইয়া পড়িয়া থাকিত তাহা সাদরে অন্য স্কুলে পঠিত হইবে; এবং এই প্রণালী দ্বারা প্রত্যেক স্কুলে যে অর্থ সঞ্চয় হইবে তদ্বারা নিত্য ব্যবহারোপযোগী আরও অধিক সংখ্যক পুস্তক বা শিক্ষার উপযোগী অন্যান্য সামগ্রী ক্রয় করা চলিবে। কলিকাতাস্থ Imperial Libraryতে ১৮ বৎসরের অনধিক বয়স্ক ব্যক্তির প্রবেশাধিকার নাই। এই নিয়ম ভারতগভর্ণমেণ্ট কর্ত্তৃক বহুবৎসর পূর্ব্বে রচিত হইয়াছিল। এই নিয়মের দরুণ এইরূপ অনুমান করা যায় না যে উক্ত Libraryতে স্কুলের বয়স্ক ছেলেদের পাঠোপযোগী পুস্তক আদৌ নাই। যেহেতু

Imperial Library একটি সাধারণ পাঠাগার এবং কলিকাতার মত স্থলবহুল অঞ্চলে স্থাপিত, ইহার দ্বার স্কুলের ছাত্রগণের জন্য উন্মুক্ত হওয়া উচিত। উক্ত Libraryর স্কুলপাঠ্য পুস্তকাবলীর বর্ত্তমান প্রথানুসারে classify করতঃ বিশিষ্ট ভাবে সংরক্ষিত হওয়া উচিত এবং একটি বিশিষ্ট বিভাগ খোলা উচিত। A. B. T. A.র বোধ হয় এ বিষয়ে দৃষ্টিপাত করিবার সময় আসিয়াছে। প্রথমে Library Council ও Education Commissioner with the Government of Indiaর সহিত পত্রাদি ব্যবহার করা যাইতে পারে ও আবশ্যক হইলে কেন্দ্রীয় পরিষদে প্রশ্ন উত্থাপন করা উচিত।

কলিকাতার বহু অনুপযুক্ত গ্রন্থাগার কলিকাতা Corporationএর নিকট হইতে অর্থ সাহায্য লইয়া অনেক ক্ষেত্রে অর্থের অপব্যয় করিতেছে। সমুদয় স্কুলগুলিকে আয়ত্তের মধ্যে আনিয়া ভোটের ঘাঁটির সৃষ্টি করিয়া Corporationএর নিকট হইতে A, B. T. A নিজস্ব গ্রন্থাগার প্রসার কল্পে অর্থ আদায় করিতে পারেন। অধিকন্তু কলিকাতানগরীর উপযুক্ত এক বা একাধিক, স্কুল বালকগণের উপযোগী গ্রন্থাগার স্থাপনের ব্যবস্থা করিতে পারেন। এই সকল ব্যাপার নিয়ন্ত্রণ করিতে কেবলমাত্র গ্রন্থাগারিকের প্রয়োজন হইবে না, শিক্ষক ও গ্রন্থাগারিকের প্রয়োজন হইবে (teacher & librarian)। সুতরাং শিক্ষক-দিগের একটি নূতন কার্য্যক্ষেত্রের সূচনা হইতে পারে।





আচার্য জগদীশচন্দ্র বসু—কলিকাতা প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক শিক্ষাব্রতী শ্রীযুক্ত চারুচন্দ্র ভট্টাচার্য, এম. এ. প্রণীত। পৃঃ ৯৬; সচিত্র। মূল্য এক টাকা মাত্র। প্রকাশক—পাঠশালা কার্যালয়, ৩০, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

বিগত খৃষ্টিয় শতকের শেষভাগে এবং বর্ত্তমান শতকের প্রথম ভাগে বাংলাদেশে যে সকল অতি-মানবের অভ্যুদয় হইয়াছে, যাঁহারা আপন আপন প্রতিভা, শৌর্য্য ও বীর্য্যবলে বাঙ্গালী জাতিকে এবং সমগ্র ভারতবর্ষকে বিভিন্ন বিভাগে জগৎসভার শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত করিয়াছেন, তাঁহাদের মধ্যে বৈজ্ঞানিক-শ্রেষ্ঠ, ঋষিকল্প আচার্য্য জগদীশচন্দ্র অন্যতম। নব নব তত্ত্ব উদ্ভাবনে, শিক্ষায় ও সংস্কৃতিতে বাঙ্গালী জাতির বৈশিষ্ট্য বহু প্রাচীন যুগ হইতে স্বীকৃত হইয়া আসিতেছে। বৌদ্ধ যুগে আমরা দেখিতে পাই নালন্দা, বিক্রমশীলা প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে শীলভদ্র, অতীশ দীপঙ্কর, শান্ত রক্ষিত, অভয়াকর গুপ্ত প্রভৃতি বাঙ্গালী পণ্ডিতদিগের খ্যাতি ও প্রতিপত্তি। বর্ত্তমান যুগেও এসিয়া খণ্ডের প্রধান জ্ঞানকেন্দ্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সেই গৌরবময় ঐতিহ্য সংরক্ষিত হইয়াছে আচার্য্য ব্রজেন্দ্রনাথ শীল, আচার্য্য জগদীশচন্দ্র বসু, আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়, সার আশুতোষ মুখোপাধ্যায়, ডাক্তার মেঘনাদ সাহা প্রভৃতি মহা মহা পণ্ডিতদিগের সুগভীর জ্ঞান, অসাধারণ ধীশক্তি ও বিপুল কর্ম্মশক্তির অদ্ভুত অবদানে।

পৃথিবীতে বিনাতারে বার্ত্তাপ্রেরণে (Wireless) আচার্য্য বসুর নিঃসংশয় গবেষণা যে ইতালীয় মার্কণির (Marconi) পূর্ব্বগামী, তাহা St. Xavier Collegeএর তদানীন্তন সুপ্রসিদ্ধ অধ্যাপক, জগদীশচন্দ্রের শিক্ষাগুরু, ফাদার লাফোঁর এক বক্তৃতা-প্রসঙ্গে লিখিত পত্রের নিম্নলিখিত অংশে অবিসংবাদিতরূপে প্রমাণিত হইয়াছে :—"I would like to take this opportunity *to vindicate your rights to priority over Marconi*".

আচার্য্য বসু মহাশয়ের বিদ্যুৎ-তরঙ্গ সম্বন্ধে মৌলিক গবেষণা প্রকাশিত হইলে পর ফরাসী বিজ্ঞান-পরিষদের সভাপতি কর্ণু লিখিয়াছিলেন—"আপনার আবিষ্ক্রিয়া দ্বারা আপনি বিজ্ঞানকে বহুদূর অগ্রসর করিয়া দিয়াছেন। দুই হাজার বৎসর পূর্বে আপনার পূর্বপুরুষগণ মানব-সভ্যতায় অগ্রণী ছিলেন এবং বিজ্ঞানে ও কলাবিদ্যায় জ্ঞানের তীব্র আলোক জগৎ সমক্ষে সন্দীপ্ত করিয়াছিলেন। আপনি আপনার পূর্ব্বপুরুষদিগের গৌরবকীর্ত্তি পুনঃ

প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করুন।" বলা বাহুল্য, আচার্য্য বসুর প্রাণের কামনাও ছিল তাহাই। রোমা রোঁলা "জিন ক্রিষ্টোফার" নামক বিখ্যাত উপন্যাসখানি জগদীশচন্দ্রকে উপহার দিবার সময় লিখেন—"একটি নূতন পৃথিবীর আবিষ্কর্তাকে"। ১৯২৮ খৃষ্টাব্দে ১লা ডিসেম্বর তারিখে দেশবাসী যখন তাঁহার সপ্ততিতম জয়ন্তী উৎসব সম্পন্ন করিতেছিলেন, সেইদিন চীনের ন্যাংকিঙ ন্যাশন্যাল রিসার্চ ইনষ্টিটিউট হইতে যে তার আসে তাহার শেষে লিখা ছিল—"জগৎ আপনার নিকট এই আশা করে যে, আপনি বিজ্ঞানকে আধ্যাত্মিক সত্তার রাজ্যে উন্নীত করিবেন। সমগ্র এশিয়া আপনার গৌরবের অংশী।" এই মহতী আশা তিনি জীবনে সফল করিয়া তুলিয়াছিলেন, জড় ও জীবের মধ্যে একই প্রাণশক্তির ক্রিয়ার আবিষ্কার করিয়া। বিজ্ঞানও আজ আধ্যাত্মিক রাজ্যের দিকে যে অগ্রসর হইতেছে তাহার সুস্পষ্ট আভাষ আমরা পাইতেছি। এই পথের প্রথম পথিক আচার্য্য জগদীশচন্দ্র বসু। Sir James Jeans, যিনি বিগত বৎসর কলিকাতায় নিখিল-জগৎ-বিজ্ঞান-মহাসভার অধিবেশনে সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন তাঁহারই লেখা হইতে কিঞ্চিৎ এখানে উদ্ধৃত করা যাইতেছে। তিনি বলিতেছেন—"I would say as a speculation, not as a scientific fact, that the universe and all material objects in it—atoms, stars and nebulæ—are merely creations of thought—of course, not of your individual mind or mine, but of some great universal mind underlying and co-ordinating all our minds. The most we can say is that *scientific knowledge seems to be moving in that direction.*" এই বিজ্ঞান সভায় অপর একজন প্রসিদ্ধ ইংরাজ বৈজ্ঞানিক আসিয়াছিলেন, তাঁহার নাম Sir Arthur Eddington : তাঁহারও কথা এই যে "Everything seems to be a projection of the Mind." এই সকল উক্তি হইতে দেখা যায় যে বিজ্ঞান মনোরাজ্যের তমসাচ্ছন্ন পথে পদার্পণ করিতে চলিয়াছে। কিছুদিন পূর্ব্বে আমেরিকার বিখ্যাত বিদ্যুৎ-তত্ত্বজ্ঞ (Electrician) Charles Steinmetzকে জিজ্ঞাসা করা হইয়াছিল "What line of research would see the greatest development in the next fifty years ?" ইহার উত্তরে বৈজ্ঞানিক হইয়াও Steinmetz বলিয়াছিলেন—"I believe the greatest discovery will be made along spiritual lines." আচার্য্য বসুর জয়ন্তীর দিন চীন হইতে যে অভিনন্দন আসিয়াছিল তাহার মধ্যে যে আশা নিহিত ছিল, বর্ত্তমান বিজ্ঞান-জগৎ ধীরে ধীরে সেই "আধ্যাত্মিক সত্তার রাজ্যে উন্নীত" হইতে চলিয়াছে। বিজ্ঞানের জড়বাদই বিগত শতাব্দীতে এবং বর্ত্তমান সময়ে জগতে বহু অনর্থের সৃষ্টি করিয়াছে। এখন যদি ইহা অধ্যাত্ম-রাজ্যের বিস্ময়কর ব্যাপারসকল লইয়া গভীর গবেষণায় প্রবৃত্ত হয়, তাহা হইলে ইহা নিঃসন্দেহে বলা যায় যে জগতের সুবর্ণ-যুগ আগতপ্রায়।

আমাদের পরম গৌরবের বিষয় এই যে, আচার্য্য জগদীশচন্দ্র, যিনি বে-তার (Wireless), অদৃশ্য আলোক, জড়ের চেতনা প্রভৃতি অতীন্দ্রিয় বিষয়ে বহু মৌলিক

গবেষণা করিয়া গিয়াছেন, তিনিই হইবেন সেই সুবর্ণ যুগের প্রথম এবং প্রধান পুরোহিত, সেই অচিন্ পথের অগ্রদূত। ১৯০১ খৃষ্টাব্দে রয়াল ইনষ্টিটিউশনের অধিবেশনের বক্তৃতায় জগদীশচন্দ্র তাঁহার অপূর্ব্ব আবিষ্কারের বৃত্তান্ত বর্ণনা করিয়া উপসংহারে বলিয়াছিলেন :—

"আলোকে ভাসন্ত ধূলিকণা, পৃথিবীর অগণিত জীব ও আকাশে দীপ্যমান অসংখ্য সূর্য্যের মধ্যে এক বিরাট ঐক্য যখন লক্ষ্য করিলাম, তখন আমার পূর্ব্বপুরুষগণ তিন সহস্র বর্ষ পূর্ব্বে ভাগীরথী তীরে যে মহান্ সত্য উচ্চারণ করিয়াছিলেন তাহার কিয়দংশ আমার হৃদয়ঙ্গম হইল—বিশ্বের এই নিয়ত পরিবর্ত্তনশীল অনন্ত বৈচিত্র্যের মধ্যে যাহারা সেই এককে দেখিতে পায়, সত্য শুধু তাহারাই পায়, আর কেহ নয়, আর কেহ নয়।"

এইরূপ একজন বিজ্ঞান-ঋষির জীবনী লিখিয়া গ্রন্থকার তাঁহার লেখনীকে ধন্য করিয়াছেন।—"এই প্রসিদ্ধ ভারতীয় মনীষী, যাঁহাতে সত্যানুসন্ধানের তীব্র আকাঙ্ক্ষা এবং বিশ্বের বিশৃঙ্খলতার মধ্যে এক বিরাট ঐক্যবোধের মহতী কল্পনা, এই দুই-এর অপূর্ব্ব সমাবেশ হইয়াছে" (German Encyclopœdia)। তাঁহার চিরস্থায়ী অবদানের বার্ত্তা-সংবলিত এই পুস্তকখানিকে উৎসর্গ করিতে গিয়া গ্রন্থকার লিখিতেছেন—"ভারতবর্ষের এক মহতী গৌরবকাহিনী ভারতীয় যুবকের স্মৃতিপথে রাখিতে এই পুস্তক তাহাদের হস্তে উৎসর্গ করিলাম।" আমরা সর্ব্বান্তঃকরণে তাঁহার এই উক্তির সমর্থন করি এবং আশা করি তাঁহার এই সাধু ইচ্ছা বাঙ্গালী যুব-সম্প্রদায়ের চিত্তকে চিরদিন উদ্বুদ্ধ করিবে। ইহা এমন একখানি জীবনী যাহা শুধু বিদ্যা-বিতানে নহে, কিন্তু বাঙ্গালাদেশের ঘরে ঘরে সযত্নে রক্ষা করা উচিত।

নূতন খাতা। (দ্বিতীয় সংস্করণ)—কিরণধন চট্টোপাধ্যায়। প্রকাশক মিত্র এণ্ড ঘোষ। ১, শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা। মূল্য ১৷৷০

বাঙ্গালাদেশ তাহার গুণী জ্ঞানী ও মহাপুরুষদের অল্প দিনের মধ্যেই ভুলিয়া যায়। এমনটা অন্য কোন দেশে হয় না। কয়েক বৎসর আগেও কবি কিরণধন জীবিত ছিলেন এবং তাঁহার কবিতার আদর ছিল। কয় বৎসরের মধ্যে কবিকে আমরা ভুলিয়া গিয়াছি। কোন সাময়িক পত্রে কোন আলোচনায় তাঁহার নাম দেখি না—। আর স্মৃতিরক্ষা? কবির স্মৃতি কে রক্ষা করিবে? কবি নিজেই নিজের স্মৃতি রাখিয়া গিয়াছেন একখানি মাত্র পুস্তকে। সেই পুস্তক আর বাজারে মিলিত না। এ দেশে কবিতার পুস্তকের দ্বিতীয় সংস্করণ বড় একটা হয় না। ইদানীং মিত্র এণ্ড ঘোষ তাঁহার কাব্যগ্রন্থ খানির দ্বিতীয় সংস্করণ করিয়া আমাদের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। কিরণধন যে কত বড় কবি ছিলেন—তাহা তাঁহার কবিতাবলীর বিশ্লেষণ-মূলক সমালোচনার দ্বারাও কেহ দেখান নাই। তাহা দেখানো একটি সুবৃহৎ প্রবন্ধের উপজীব্য। আমি এই টিপ্পনীতে শুধু এই কথা বলিতে চাই—বাংলাদেশের ও বাংলার গৃহ সংসারের মর্ম্মকথা লইয়া এদেশে

খাঁটী বাংলা ভাষায়, ভাবে ও ভঙ্গীতে যতগুলি গীতি-কবিতা রচিত হইয়াছে, তাহাদের মধ্যে কিরণধনের কবিতাগুলি প্রথম স্তরের সামগ্রী। কিরণধনের রচনাভঙ্গী তাঁহার নিজস্ব—রবীন্দ্রনাথের অনুকৃতি নয়। এই কবিকে যদি আমরা ভুলিয়া যাই, এই কবিতা-গুলির যদি আমরা আদর না করি—তাহা—হইলে বুঝিতে হইবে আমরা এখনও রসজ্ঞ হইয়া উঠি নাই।

যুগান্তরের কাহিনী। শ্রীনৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়। মিত্র এণ্ড ঘোষ প্রকাশক। মূল্য এক টাকা।

ইহাতে সর্ব্বপ্রকার রাষ্ট্রীয় মতবাদের জন্ম, প্রবৃদ্ধি, ইতিহাস ও রূপান্তরের কথা আছে। কমুনিজ্‌ম, ফ্যাসিজ্‌ম, বোলশেভিজম্ ইত্যাদির বিষয় বিশেষ করিয়া ইহাতে আলোচিত হইয়াছে। এগুলি ছাড়া বর্ত্তমানযুগের বিখ্যাত—বৈজ্ঞানিক ও ভৌগোলিক আবিষ্কারের কথাও ইহাতে আছে। বিংশ শতাব্দীর সর্ব্ববিভাগের নব নব চিন্তা-ধারা ও সাহিত্যের গতি-প্রকৃতির কথাও ইহাতে আলোচিত হইয়াছে। এই পুস্তকখানি শিক্ষাবিভাগের পক্ষে বিশেষ উপযোগী হইয়াছে।

তরুণগুপ্তের বিচিত্র কীর্ত্তিকাহিনী—শ্রীগজেন্দ্রনাথ মিত্র। মূল্য ৸০ আনা।

ইহাতে নয়টি ডিটেক্‌টিভ গল্পকে একসূত্রে গাঁথা হইয়াছে। গল্পগুলি কিশোর-গণের জন্য রচিত। মারামারি কাটাকাটির রোমাঞ্চকর ঘটনা-সমাবেশ ইহাতে নাই—বুদ্ধির দ্বারা কেমন করিয়া দুর্বুদ্ধি জয় করা যায়, ইহাতে তাহারই চমৎকার নিদর্শন দেখানো হইয়াছে। রচনার ভাষা ও ভঙ্গী চিত্তাকর্ষক।

১। **মেঘনাদবধ কাব্য** ... মূল্য ১।০
২। **ব্রজাঙ্গনা কাব্য** ... মূল্য ৸০

[প্রকাশক এডুকেশান্যাল পাবলিশিং হাউস, কলিকাতা]

প্রকাশক মাইকেলের এই কাব্য দুইখানি ছাত্রগণের উপযোগী করিয়া প্রকাশ করিয়াছেন। তাঁহার উদ্দেশ্য সফল হইয়াছে। সম্পাদনকার্য্যে যে-যে বিষয়ের অবতারণা করা হইয়াছে, তাহা যথাযথ। কবির সংক্ষিপ্ত জীবনীটী প্রথমেই ছাত্রকে কবির সহিত পরিচিত করাইবে। তারপর মধুসূদনের সমকালীন বাংলা-সাহিত্যের অবস্থার আলোচনাটী সুন্দর। ভাষা ও ছন্দ সম্বন্ধে আলোচনাটীও সুসঙ্গত হইয়াছে। সীতা চরিত্রের বিশ্লেষণটী বেশ হইয়াছে। শব্দার্থ ও বাক্যাংশের ব্যঞ্জনার্থ দিয়া সম্পাদক ছাত্রদের খুবই সুবিধা করিয়া দিয়াছেন। ব্রজাঙ্গনা-কাব্যের গ্রন্থ সমালোচনা ভালো হইয়াছে। কবিতা-গুলির ব্যাখ্যা ও শব্দার্থ থাকায় ছাত্রগণ কবিতা হৃদয়ঙ্গম করিবার সুবিধা যথেষ্টই পাইবে। আমরা পুস্তক দুইখানির শিক্ষাবিভাগে বহুল প্রচার কামনা করি।

১। **সাহসীর জয়যাত্রা**—শ্রীযোগেশচন্দ্র বাগল প্রণীত।

২। **জগৎ কোন পথে ?**—শ্রীযোগেশচন্দ্র বাগল প্রণীত।

পৃষ্ঠা যথাক্রমে ১৫২ ও ২০০। দাম প্রত্যেক খানারই এক টাকা। প্রকাশক এস্, কে, মিত্র এণ্ড ব্রাদার্স, ১২ নং নারিকেল বাগান লেন, কলিকাতা।

আজকাল একথা কাহারও অবিদিত নাই যে জগতের কোন দেশে কোন রকম আন্দোলন বা পরিস্থিতি উপস্থিত হইলে বিভিন্ন দেশেও উহার প্রতিক্রিয়ার তরঙ্গ ছড়াইয়া পড়ে। বাস্তবিক বর্ত্তমান যুগে কোন দেশের পক্ষেই আন্তর্জ্জাতিক পরিস্থিতি উপেক্ষা করা নিরাপদ নহে। জগতের সহিত সমান তালে চলিতে না পারিলে জাতির ধ্বংস অনিবার্য্য। তাই জাতিকে বাঁচিতে হইলে, জগতের বিভিন্ন জাতি ও দেশের অবস্থা, ব্যবস্থা, সমস্যা ও তাহার সমাধান প্রভৃতি সম্বন্ধে সজাগ ও সচেতন থাকা একান্ত প্রয়োজন। জাতির মেরুদণ্ড ও ভবিষ্যতের আশা-ভরসার স্থল যুবক ও ছাত্র-সম্প্রদায়কে এ বিষয়ে শিক্ষিত ও সম্যক্ অবহিত করার দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের ; কিন্তু দুঃখের বিষয় আমাদের বিশ্ববিদ্যালয় এ সম্বন্ধে আজ পর্য্যন্ত উল্লেখযোগ্য বিশেষ কিছু করেন নাই। বাজারেও এ ধরণের পুস্তকের নিতান্ত অভাব। যোগেশ বাবুর এই প্রচেষ্টা সামান্য হইলেও কতক অংশে সে অভাব পূরণ করিবে, সন্দেহ নাই। জগৎ কোন্ পথে ? বইখানাতে আমরা পাই বিভিন্ন দেশের বিবিধ সমস্যা, আন্দোলন ও চিন্তাধারার একটা সুস্পষ্ট আভাস। আবার 'সাহসীর জয়যাত্রা'য় পাই কেমন করিয়া এক একজন অনন্যসাধারণ ব্যক্তি শত অত্যাচার লাঞ্ছনা সহ্য করিয়া অসীম সাহসে, অদম্য উৎসাহে, জাতীয়তার প্রেরণায় উদ্বুদ্ধ হইয়া নিজ নিজ জাতিকে জগৎ সভার শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত করিয়াছেন বা করিতে প্রয়াস পাইতেছেন। বিষয়টি সুবৃহৎ বিবেচনায় কেবল বর্ত্তমান যুগে আন্তর্জ্জাতিক ক্ষেত্রে যাদের গুরুত্ব সব চেয়ে বেশী তাহাদের এবং ভারতের প্রতিবেশী রাষ্ট্রসমূহের কথাই বিশেষভাবে আলোচিত হইয়াছে। আবার সান্ ইয়াৎ সেন, হিটলার, মুসোলিনী, ডি ভেলেরা, মহাত্মা গান্ধী, সুভাষচন্দ্র প্রভৃতির চরিতকথাও গ্রন্থকার আলোচনা করিয়াছেন। পুস্তক দুইখানি পাঠে পাঠক-পাঠিকাগণ একদিকে যেমন জাতির বিভিন্ন সমস্যার সহিত পরিচিত হইতে পারিবেন, অপরদিকে তেমনি জাতির নিঃস্বার্থ একনিষ্ঠ সাধক ও সাধিকারূপে জাতি সংগঠনে উদ্বুদ্ধ হইবেন। প্রত্যেক যুবক-যুবতীই পুস্তক দুইখানা পাঠে উপকৃত হইবেন, ভাষা ও ভাবের কোন জটিলতা নাই। বক্তব্য বিষয় অতি সহজ ভাবেই ব্যক্ত করা হইয়াছে। পুস্তক দুইখানা প্রত্যেক স্কুল লাইব্রেরীতে স্থান পাইবে, আশা করি। ছাপা সুন্দর। পারিতোষিক ও উপহারের বেশ উপযুক্ত।

শ্যামবাজার এ, ভি, স্কুল পত্রিকা—তৃতীয়বর্ষ—প্রথম সংখ্যা।

সম্পাদক উক্ত স্কুলের সহকারী প্রধান শিক্ষক শ্রীউমাচরণ চট্টোপাধ্যায়, এম্-এ, বি-টি। সাধারণ স্কুল ম্যাগাজিন যেরূপ হয়—তাহার তুলনায় পত্রিকাখানিকে সুসম্পাদিত বলিতে হয়। ইহাতে কেবল বালকদের রচনা নয়, প্রাক্তন ছাত্র, শিক্ষক ও স্কুল পরিচালিকা সমিতির কোন

কোন সভ্যের রচনাও ইহাতে সংকলিত হইয়াছে। পত্রিকাখানিতে বঙ্গ-ভাষায় লিখিত রচনাকেই প্রাধান্য দেওয়া হইয়াছে। 'বিচিত্রা' ও 'আহরণী' নামে দুইটি বিভাগে শিক্ষা-সংক্রান্ত ও বালকগণের শিক্ষনীয় বিষয়সমূহের যে সকল আলোচনা স্থান পাইয়াছে, সেগুলি সুরচিত এবং এইগুলিই পত্রিকাখানির বৈশিষ্ট্য রক্ষা করিয়াছে। পত্রিকাখানি ছাত্রগণের সুশিক্ষা বিষয়ে যথেষ্ট সহায়তা করিবে।

বঙ্গ-সাহিত্য মহামণ্ডল

[গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড]

বহরমপুর, পোঃ খাগড়া

দেশের শিক্ষিত নরনারীকে মাতৃভাষার আলোচনায় উদ্বুদ্ধ করিবার শুভ উদ্দেশ্য লইয়া এই প্রতিষ্ঠান সন ১৩৩০ সালে প্রতিষ্ঠিত হয়। নবীন লেখক ও লেখিকাগণকে উৎসাহ দিবার জন্য এই প্রতিষ্টান হইতে বঙ্গভাষায় উপাধি পরীক্ষা গ্রহণের ব্যবস্থা হইয়াছে। জাতি ধর্ম্ম নির্ব্বিশেষে সকলেই এই পরীক্ষা দিয়া উপাধি ও পদকাদি পুরস্কার পাইতে পারেন। বাংলার বহু মনীষি এই প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট। বাংলার প্রায় প্রতি জেলায় পরীক্ষা কেন্দ্র আছে। যাঁহারা আগামী শারদোৎসবে উপাধি পরীক্ষা দিতে ইচ্ছুক তাঁহারা প্রধান পরিচালক মহাশয়ের সহিত পত্র ব্যবহার করিবেন। শ্রীকাশীশ্বর বিদ্যারত্ন, কাব্য-ব্যাকরণ-স্মৃতিতীর্থ, প্রধান পরিচালক। বহরমপুর, পোঃ খাগড়া।

ভ্রম-সংশোধন

শ্রাবণ সংখ্যা—"গ্রীসের দ্বীপালী"

পৃষ্ঠা ১৯০—				
৩য় লাইন—	"ভাঙ্গিল"	স্থলে	"উদিল"	হইবে।
৫ম "	"কিবস্"	"	"ফিবস্"	
১৮শ "	"দ্বীপান্থ বিথাব"	"	"দ্বীপাণু-বিথার"	
২১শ "	"যেথা"	"	"সেথা"	
পৃষ্ঠা ১৯১—				
৭ম লাইন—	"গনিলেন"	"	"গণিলেন"	
১৫শ "	"ধমণী"	"	"ধমনী"	



বলেন—যোগেশ চন্দ্রের 'সাহসীর জয়যাত্রা' ও 'জগৎ কোন্ পথে?' নামক পুস্তকদ্বয় প্রত্যেক ছাত্রেরই পাঠ করা বিশেষ দরকার, কেননা……………

সারা ভারতবর্ষের বহু স্কুলের শিক্ষক মহো
গণ আমাদের সব কয়খানি পুস্তকই প্র
এবং লাইব্রেরীর জন্য মনোনীত করেন—
বাঙ্গালার প্রত্যেক দৈনিক, সাপ্তাহিক
মাসিক পত্রিকা আমাদের এই সাধু প্রচে
সুখ্যাতি শতমুখেই করিয়াছেন—এখন
করে আপনাদের সহানুভূতি—ইতি

এস্, কে, মিত্র এণ্ড ব্রাদার্স
শিশু-সাহিত্য প্রকাশক
১২, নারিকেল বাগান লেন,
কলিকাতা।

প্রত্যেক ছাত্রই এই পুস্তকগুলি প্রাইজে —পাইলে বিশেষ খুসী হইবে—

শ্রীযোগেশচন্দ্র বাগল—**জগৎ কোন্ পথে ?** ... ১৲

শ্রীযোগেশচন্দ্র বাগল—**সাহসীর জয়যাত্রা** ... ১৲

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**অজানা দেশের পথে** ... ১৲

শ্রীহেমেন্দ্রকুমার রায়—**অদৃশ্য মানুষ** ... ... ১৲

শ্রীসুনির্ম্মল বসু—**অসম্ভব দুনিয়ায়** ... ... ৸৹

শ্রীসুনির্ম্মল বসু—**জীবন্ত কঙ্কাল** ... ৸৹

শ্রীসুধীরকুমার মুখোপাধ্যায়—**শয়তানের ফাঁদ** ... ৸৹

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**আকাশ-পাতাল** ... ... ৸৹

শ্রীআশুতোষ বন্দ্যোপাধ্যায়—**গভীর জঙ্গলে** ... ৸৹

শ্রীনীহার রঞ্জন গুপ্ত—**বিস্ময়ের ইন্দ্রজাল** ... ৷৷৵৹

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**সৈনিকের ডায়েরী** ... ৷৷৵৹

শ্রীআলোক দত্ত—**মুক্তোর সন্ধানে আফ্রিকায়** ৷৷৵৹

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**আগুনের পাহাড়** ... ৷৷৵৹

শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়—**নিঝুম পুরী** ... ৷৷৵৹

শ্রীশৈলজানন্দ মুখোপাধ্যায়—**ভূমিকম্পের পর** ... ৷৷৵৹

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**আশ্চর্য্য দেশ** ... ... ৷৷৵৹

শ্রীসুনির্ম্মল বসু—**মরণের মুখে** ... ... ৷৷৹

শ্রীশরদিন্দু বন্দ্যোপাধ্যায়—**টিকিমেলা** .. ... ৷৷৹

শ্রীসৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়—**চালিয়াৎ চন্দর** ... ৷৷৹

শ্রীফণীন্দ্রনাথ ভট্টাচার্য্য—**ডাকাত সর্দ্দার** ৷৹

শ্রীখগেন্দ্রনাথ মিত্র—**কারাকোরাম পর্ব্বতে** ... ৷৹

শ্রীসুনির্ম্মল বসু—**দিল্লীকা লাড্ডু** .. ... ৷৷৹

শ্রীকেশবচন্দ্র সেন—**কেদার রায়** (নাটক) ... ৷৵৹

শ্রীগৌরগোপাল বিদ্যাবিনোদ—**দুর্য্যোগের মাঝে** ... ৷৵৹

সর্ব্বত্র পাওয়া যায়

বিস্তারিত বিবরণের জন্য পত্র দিলে বিনা মূল্যে ক্যাটলগ পাঠাইয়া থাকি।

এস, কে, মিত্র এণ্ড ব্রাদার্স—শিশু-সাহিত্য প্রকাশক।

১২, নারিকেল বাগান লেন, কলিকাতা।

LONGMANS, GREEN & Co., Ltd.

17, Chittaranjan Avenue, Calcutta

Books for Teachers :

Geography in School
By James Fairgrieve, M. A., F. R. G. S. Rs. 6 3 0

History Teaching in Schools
By Alan F Hattersley Rs 3 12 6

Talks to Teachers on Psychology
By William James Rs. 5 8 0

The Art of Teaching Arithmetic
By J. B Thomson Rs. 3 12 6

An Illustrated Historical Time-chart of Elementary Mathematics :
For Senior & Secondary Schools, Training Colleges and Universities. In five Sections By E. J Edwards, M. A. Per Section Rs. 3 7 0
Complete Set of 5 Sections Rs. 14 7 0

Anatomy & Physiology of Physical Training
By Major R. W. Gallaway, with an Introduction by Prof. E. P. Cathcart Rs. 4 2 0

Achievement
A Book of Modern Enterprise Rs. 4 2 0

Frontiers of Science
By Carl Truebald Chase, with an Introduction by H. Spencer Jones Rs. 8 9 6

কলিকাতা [illegible] কলেজের প্রধান গণিতাধ্যাপক

শ্রীদেবপ্রসাদ ঘোষ

[illegible]

[illegible] পুস্তক বঙ্গীয় শিক্ষাবিভাগ কর্তৃক [illegible] সালের জানুয়ারী

হইতে [illegible] বৎসরের জন্য অনুমোদিত

[illegible]

১। পাটীগণিত

[illegible] শ্রেণীর জন্য অনুমোদিত

[illegible] (worked out [illegible]) [illegible]

[illegible]

পাটীগণিত-সমাধানে [illegible]

[illegible]

পাটীগণিত ২ [illegible] পাটীগণিত-সমাধান [illegible]

২। সহজ গণিত—২য় ভাগ

[illegible] শ্রেণীর জন্য অনুমোদিত

[illegible]

৩। সহজ গণিত—১ম ভাগ

তৃতীয় ও চতুর্থ শ্রেণীর জন্য অনুমোদিত

[illegible]

বাণী মন্দির

কলিকাতা : ১৪, কলেজ স্কোয়ার [illegible]